There were more than 200 foreign students at the University. Most of them were from the fraternal socialist countries; the rest came from friendly non-socialist countries like India (it was looked upon as a friendly country) and Indonesia. I did not know one foreign student who did not saint to leave China and go home. In one sense this was surprising, for aving conditions were quite good, much better than those of the Chinese soudents and in some cases even better than those the foreign students and have enjoyed in then own countries. Yet all the foreign students, ommunist or not, were unhappy and would have liked to cut short their stay in China. I heard Russians and the Czechs and the Poles complain it the trying conditions on the campus. Many of these students were amazingly trank about their operators of Chinese communism, so different, they thought, from communism to the hore were 10 000 Chinese students also items on the campus, not one ever dared try to make friends with you. Leetybody was suspicious of everybody else and you were watched and your behaviour and actions were in constant scripting.

Pelong's original idea was to receity and reform abuses and the faults to the party by allowing people to an their guevances against it. Certainly the point never realised that much criticism would point out. Overnight all the walls of Peking University were plastered with Ta Tze Pao (critical exepancie. Some isked for Khrushchev's report on Stalin. Some easyn rod why only Soviet so once was traight when it was a well known that that scientific knowledge in the Urrad States and England was also ery advanced. Some demanded that the party withdraw from the University Students organised themselves area discussion growns and elected trace intatives who with representatives from other Universities were to orrest joint front agazest the party's interference in the scadewic matters. Ther the party stepped in and meetings began. The students were organised classwise to meet together. Everyone began to discuss the errors' in the criticisms made against the party. Each meeting was afteraled by a party member or a cadre' who sat in the last row and guided the meeting without appearing to participate in it. All regular classes were stopped; the University became a vast comp where more than 10,000 students and teachers collected in class rooms, in diving halls, in the open air, under the trees to discuss and re-discuss the true approach and wrong approach" "At last every one-all the thousands who had only a few weeks earlier been so violent in their criticisms, 'violently' othe word is ironical) came to the conclusion that the leadership of the Communist Party was the only correct tea tership every one also 'voluntarily' came to the conclusion that those who dared to raise their voices against this leadership were reactionary products of the old feudal and capitalist society. The so-called rightists had to stand, facing handreds of their one-time friends and colleagues, and hear that they were treacherous enemies of the people and reactionary agents of Chiang Kai Shek or of Imperialist America. Sometimes emotions ran so high that the frenzied crowds became mobs howling for blood. Students were even beaten up. Many students, lecturers, professors who could not stand the inhuman strain of these accusation meetings committed suicide or tried to, during this period. Others suffered their punishment. A Professor who had taught English in the University for many years was found to have rightist tendencies and was immediately ordered to work as a typist so that he could rectify his thinking through labour. Another

teacher was reduced to the position of a janitor and made to sweep the floors so that he could learn the dignity of labour and re-establish his lost contact with reality."

এই হচ্ছে সেই দেশের অবস্থা। আমাদের এখানে এডুকেশান বাজেটের দিনে শ্নেছি এই অভিযোগ যে শিক্ষাক্ষেত্রে ডিমোর্ক্সের বন্ধ করা হচ্ছে, তাদের গ্যাগ করা হচ্ছে। কিন্তু সেখানে দেখা যায় যে, শিক্ষকদের বির্দ্ধে যদি পার্টির সন্দেহ হয় তাহলে তার পজিশান কিভাবে নামিয়ে দেয় এবং তাদের সাধারণ কাজে নামিয়ে দেয়। আমাদের দেশের স্কুলগ্লিতে ছারদের গড়ে তোলবার দায়িত্ব নিয়েছন - সেখানে আজ যে সমস্ত শিক্ষক দেশদেয়িত তাম্লক শিক্ষা দেয় তাদের সম্বন্ধে আমি আশা করি সরকার ব্যবস্থা অবলম্বন করবেন। এই বলেই আমি আমার বস্তব্য শেষ কর্বছি।

[3-40--3-50 p.m.]

প্রীপটিগোপাল ভাদ্দেশীঃ মাননীয় ডেপ্টো স্পীকার মহাশয় আমি আমার আলোচনার প্রথমে একটা স্থানীয় সমস্য সম্বন্ধে দুই একটা কথা বলতে চাই। চন্দননগর করপোরেশন সরকারের এ।।প্রেক্টটেড এন্ড্রিনিস্ট্রেশানের আন্ডারে। এবং সেখানে ভীষণ জলকর্ষ। সেখানে ১ হাজার কাটের সার্ভিস করেরকারে এক ফোঁটা জলও পড়ে না। মেরেরা রাস্তার হাইডেনে যেথানে ফোঁটা ফোটা জল পড়ে বাহি দশ্টা এগারটা পর্যন্ত সেখানে থেকে জল সংগ্রহ করে। এর আগে লবী করে এইবকম অবস্থা হলে ভোর থেকে জল দেবার বাবস্থা ছিল। এ্যাডিমিনস্টেটর সেবকম কোন বাব-থা গ্রহণ করছেন না। এবং ডাঃ বিধানচন্দ্র রায় যখন মাখামন্দ্রী মহাশ্য ছিলেন গত বছর মার্চ মানে একটি জরুরী দকীম তিনি করেছিলেন-তাতে কয়েক লাখ টাকা খরচ হবে সেই জবুরী দকীয় অনুযায়ী যে ৭টা পাদ্প হাউস বন্ধ হরে আছে এবং তার মধ্যে তিনটা একেবারে আলে হলে আছে কোথা থেকে সংশোধন হবে সে রাইটার্স বিশিঙ্গএ সে ফাইল ছয় মাস হলে। পড়ে আছে আজু পর্যান্ত তার কোন বাবস্থা হয়নি। সেদিকে মন্তিমহাশয় যদি দুটি দেন এবং জবারী বাক্ষথা করার দিকে লবী করে ওল দেওয়া যায় তারজন। নাক্ষ্থা করেন। দিবতীয় কথা যেটা আমি বলতে চাই এর মধ্যে একটা নতুন ঘটনা ঘটে গেছে যে কেনেলাতে নাকি সমুহত ডি আই বলে আটক বন্দীদের ছেডে দেওয়া হয়েছে। সেদিক থেকে আমি বাংলা-দেশের মন্ত্রিসভার কাছে অন্রোধ করব যে আবার পানবিবেচনা করান কারণ কল দৈর মাছি না দেবার কোন যুক্তি থাকছে না। এখন এাপ্রোপ্রিয়েশন বিল সম্পর্কে বলতে গিয়ে প্রথমত যে কথাটা বলতে হয় সেটা হচ্চে কংগ্রেসের মধ্যে লক্ষ্য এবং তার পন্ধতি এই দুই-এর মধ্যে বহু েফাতে আগেড।

লক্ষোর দিক পেকে আমরা বলছি যে কমিউনিস্ট হিসাবে যে বৈজ্ঞানিক চিন্তাধারা বৈজ্ঞানিক দ্ভিট নিয়ে ঘটনাবলী আমরা দেখি যে যেথানে ভারতবর্ষের ক্ষেত্রে বর্তমানে আমরা যে কার্যক্রম নিয়েছি -কংগ্রেস তার ঘোষিত লক্ষ্য অনুযায়ী চলবার কথা মনে করেন যে ঘোষিত লক্ষ্য খ'জে পাওয়া যুমু যদি ভারতবর্ষের সংবিধানের ৩৯ ধারার যেখানে ডাইরেকটিভ প্রিন্সিপলস অব দি স্টেট পলিসিজ-এর কথা বলা হয়েছে সেটা যদি আনি লোকসভায় যে সমাজতান্তিক লক্ষ্যের কথা বলা হয়েছে সেকথার পেছনে যদি কোন আন্তরিকতা থাকে এবং ১৯৫৬ সালে ইন্ডাস্ট্রিয়াল প্লিসি রেজলিউশন-এর যদি কোন তাৎপ্য থাকে এবং তার সঞ্গে দ্বিতীয় এবং তৃতীয় পরি-কল্পনার ঘোষিত লক্ষোর যদি কোন মালা থাকে তাহলে আমি একথা বলতে পারি যে সেই অনুযায়ী যদি কংগ্রেস সদসারা বলেন তাহলে বিরোধী পক্ষের এবং লোকের অনুরাগপ্র সহযোগিতা তারা পাবেন। কিল্তু তাঁদের যে ঘোষিত লক্ষ্য এবং উদ্দেশ্য তাঁর যে কর্মপশ্বতি তার মধ্যে আসমান জমির ফারাক এসে যাচ্ছে। সেজন্য অ্যাপ্রোপ্রিয়েশন বিল-এর আলোচনার সেদিক থেকে আমি কিছ, কিছ, দৃণ্টি আকর্ষণ করাব চেণ্টা করব। প্রথমত আমাদের পশ্চিম বাংলার বাজেট আলোচনার উপর সর্বভারতীয় বাজেটের ছায়া এসে পড়েছে এবং তা ছাড়া অনেক বিশ্বব্যাপী ঘটনারও ছায়া প:ড়ছে। আমাদের পশ্চিমবঙ্গে বাজেট আলোচনা যথন শ্রু হল তখন তার পটভমি ছিল গ্রাম বাংলায় ব্যাপকভাবে সাটিফিকেট জারী করে দরিদ্রতর অংশ জ্ঞনসাধারণের কাছ থেকে তার ক্ষুধার একটা অংশ টেনে বের করা, তাদের উপর থেকে বাকী বকেয়া পাওনা আদায় করা এবং শহরাগুলে শ্রমিকদের উপর বেপরোয়া কান্ডের চাপ বাড়ান ও

कामन केंग्रेस मी। नंकनार ने राजियां विश्वासी केंग्रेस मी। विश्व मिना मिना कारणाव्या कारणाव्या कारणाव्या क्रीत अर्थ म्पान में ना वास्त्र वालिका अक्षा मान केल शहर । अर मान माना भारत कत अधारम वाष्ट्रात्मा दब-किल्सुब भरताक कर वाष्ट्रात्मा दब ५५६ काठि होका अवर सम्बद्धन প্রভাক্ত কর মাত্র ৭০ কোটি টাকা বাডে। কেন্দ্রকে দেখতে পাঁকি একটা অভিযুদ্ধরে ছতুন-তাক ক্ষেত্র সম্ভর্থীরা ঘিরে রেখেছিল এখানেও ভারত সরকারকৈ সম্ভর্থীরা ঘিরে ধরেছের 🚵 📧 ফেডাবেখন অর চেম্বার অব ক্যার্স, বৃহৎ মুল্ধনীজের সংগঠন ভারা প্রস্ভাব পাস করে আক্রমণ कताक के माशाव गोाबादक। क विश्वाद गोगों एक्ट्रा किस्ता निरस्त नाइवाद कार्ड। श्रीकावज्याय refinewed ফেডারেশন অফ ইন্ডিরান চেন্বারস **অফ কমার্স আ**ন্ড ইন্ডান্মিল তিনি নেহরুর সাল্য দেখা করেছেন। তারপর ফরেন ক্যাপিটালিন্ট-এর স্পোকসম্যানরা এক্সনি ভয় দেখাক্ষেন ত্য আমরা ক্যাপিটাল পাঠান বন্ধ করে দেব যদি এইভাবে সপোর প্রফিট টাব্রে ধার্য হয়। ৮টা ুল্লিট্রিট্রেন্ট স্টক এক্সচেঞ্জ নানারকম কার্যকলাপ দেখাক্ষেন। এন্টারার মোনোপলিস্টস ষ্টেড তারা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার এই পলিসির ভেতর বতটকেন তাঁরা ঐ ১৯৫ কোটি টাকা পরোক টাৰে করেছেন তা নিয়ে তাঁদের মাথা বাথা নেই। কিল্ড ৭০ কোটি তাঁরা যে প্রত্যক্ষ টাৰে করছেন তা নিরে কুম্ভীরাশ্র। এ ছাড়া দুটি সংগঠিত পার্টি স্বভদ্য এবং জনসম্ভ তারাও আক্রমণ করছেন। স্বতন্দ্র এবং জনসংখ্যের যে নীতি সেটা কংগ্রেসের বাহিরে নয় কংগ্রেসের ভেত্রে আছে। আমি যে কথা বলছিলাম ।

#### এে ভয়েস-সতা নয়।]

কে একটা কথা বললেন হয়ত তিনি জানেন না যে ৩ জন মুখ্যমন্ত্রীকে এ-আই সি সি শাস্তিদেবার কথা ভাবছেন, কৈফিয়ং তলব করেছেন। কারণ স্বতন্ত্র এবং জনসন্থের পলিসি তারা পার্রসিউ করছেন। নেপালবাব্ খুদে ব্যাপারের লোক তার উপর কোন কৈফিয়ং তলব আর্সেন, কিন্তু ৩ জন মুখ্যমন্ত্রীর উপর কৈফিয়ং তলব করা হয়েছে—কেরালা, অন্ধ এবং উত্তরপ্রদেশ। নিখিল ভারত কংগ্রেস কমিটি ৩ জন মুখ্যমন্ত্রী সম্বন্ধে কৈফিয়ং তলব করেছেন যে ভারত সরকারের বুনিয়াদী নীতির তাঁরা অমান্য করে বক্কতা কেন করেছেন?

গত সংতাহে বিশ্ব ক্ষ্মা সংতাহ হয়ে গেল, এখন বিশ্ব ক্ষ্মা সম্পর্কে বলতে গিয়ে আনেক ভাল ভাল কথা বলা হয়েছে—

Freedom from hunger is the first freedom

আমাদের দেশের ২ হাজার বংসরের উপনিবদে, খবি বলেছিলেন আরই হচ্চে প্রথম রন্ধা। কিন্ড এই ক্ষুধা সম্পর্কে বলতে গিয়ে, সমাজ সম্পর্কে বদি এটা বাদ দেওরা যায় তাহলে কিছুই বলা इस ना ७३ कृथा ७वर नमास नम्भरक । कृथा ७वर विश्व बात्यत श्रम्कीय अपेश हरू पितन ক্ষুধা সম্পর্কে কোন সমস্যার সমাধান করা হয় না। কিব বুল্বের প্রস্তৃতির জন্য এই যে হাই এরপোসিভ সঞ্চয় হচ্ছে তা প্রথিবীর জনসংখ্যা মাধাপিছা বা তাতে টি এন টি এরপোসিভকে फिक्रमंख कंद्रल ७० ऐने हि अने हि माथाशिष्ट, शर्फ, वा थानाममणा ममाधारनंत्र कना वावरात कंद्रल প্থিবীতে আর কোন ক্ষুধা সমস্যা থাকে না। এবং সেদিক থেকে তা ছাডলেও প্রত্যেক প্রাক্তিপতি দেশেতে যে শ্রেণী সংগ্রাম, শ্রেণীগত শোষণ চলেছে, ও সে শ্রেণীগত শোষণের জন্য যে দারিস্তা রয়েছে তাদের ক্ষেত্রে একথাটা ভলে যাওয়া হয়। তাই যাগ বাগ ধরে ক্ষাধার সপো যে কথাটা জড়িত ও মানুষের সবচেয়ে বড় স্বংন, সবচেয়ে বড় কামনা তা হচ্ছে শোকণ থেকে মুন্তি। ক্ষুধা বললে শুধ্য তো বোঝায় প্রকৃতির সপো সংগ্রাম। আজ প্রকৃতির সলো মানব সমাজের সংগ্রামকেও জটিল করে দিরেছে। আজ এক শ্রেণী বিভক্ত সমাজের শ্রেণী কর্ডক শ্রেণী, মানুষ কর্তক মানুবের শোষণ চলেছে। কাজে কাজেই শোষণ থেকে মাতি এ িনিন্দারে আজকে কাধার বিরুদ্ধে এই সংগ্রামের মধ্যে আনতে হবে। আমাদের দেশের বাবেট বীদ লক্ষ্য করে দেখা বার ভাহলে দেখা যাবে কুখার অন্নের উপরে ট্যাক্স বসানোর চেন্টা পশ্চিম বাংলারও হচ্ছে, আর সারা ভারতবর্ষেও হচ্ছে। আমাদের স্বায়ানিং কমিশন-এর পাক্রেক্রিটিট স্বায়ানিং ডিভিশন তারা ন্যাশনাল নিউন্নিশন বোডের তথ্য থেকে বলেছেন বে. শতকরা ৮০ জন ভারতবাসী তারা ওরেল-বিরিং মার্রজনের নীচে আছে। আমি শ্রেনিইলাম আ্যমেরিকার হেলার বালেট বলে একটা বাজেট হয়। আমেরিকা—বা ইউ এস এ-এর শতকরা ৬৬ জন লোক ঐ হেলার বাজেট মানের E-11

লীচে জীবনবাপন করে। আমাদের স্পানিং কমিশন-এর পারসপেকটিভ স্কানিং ডিডিনার বা च्चारक छादा व क्रिनिमणे क्रिक करदाक्रन वा वरमास्थन—त्य अथारन भावकदा ५७ नव भावकदा HO জন লোক ওরেল-বিহিং-এর নীচে থাকে। আজকে কোন মার্বজ্বিন অব ওয়েল-বিহিং চোলের क्षीवरानवं प्राथा राज्ये। जांद्रे वथन खाएशाशिखमान विल-७ एमीथ रव नेपास्त्रमान जाएम्ब द्विते कवरक জখন আঘার মনে হয় যে এরকম অন্যার আর ক্ষিছ্রই হতে পারে না। কাঞ্চে কাজেই কি কেন্দ্রীয় সরকার আর কি পশ্চিমবাধ্য সরকার উভরেরই ট্যাব্রেশন পার্যাত এক এবং এই যে ব্যাপক সাটিডিনেকট দাবি করা হারেছে বাকি বকেরা খাজনা উসলে করে নেবার জন্য বর্তমানে ঋণ কিন্তা খাজনা আদারের ক্ষেত্রে এর চেরে অন্যার কিছু হতে পারে না একথাই আমি মনে করি। আজকে আমার বহুকাল আগের একটা কথা মনে পড়েছে। সেটা হল ১৯৩০ সালের আইন অমান্য আন্দোলনের কথা। আমি বালিগতভাবে এটার জোর দিই—মহাত্মা গান্ধীর একটি কার্যসূচী দেখে। তিনি ১১ দফা একটা কার্যসূচী প্রণয়ন করেন। তার মধ্যে একটি ছিল ক্ষকের খাজনা অর্মেক কমান হবে। মাননীর স্পীকার মহাশর আমি আপনার মাধামে কংগ্রেস বেঞ্চের সদস্যদেও জিজ্ঞাসা করি যে তাঁরা তো মহাস্থা গান্ধীকে জাতির জনক বলে জানেন। সেই জাতির ক্রমক ন্বাধীনতা ব্যাধ্বর আগে জনসাধারণকে উন্দর্ভ করেছিলেন একটি প্রতিপ্রতি দিয়ে একটি প্রোগ্রাম দিয়ে যে তোমাদের খাজনা অর্থেক কমান হবে। তখন গোটা বংশ্যে ১৮ কোটি টাক্রা दबनोन हो। ब हिन . बदर हात एकदा क्रिंग वर्ष हात बद है बर्ग वा २/६ वर्ग माह हिन। ভাছলে মোট ৬ কোটি কি ৭ কোটির বেশী নর। কিল্ড এখন আমি জিল্পাসা করি যে বেল্টাল টাৰে কি অর্থেক করা হয়েছে? জাতির জনকের পবিয়তম প্রতিশ্রতি কি পরণ করা হয়েছে?

[3-50-4 p.m.]

এবং তার সপো সপাতি রেখে আরও বলতে হয় যে. খাদ্যের অভাব—আমি এখানে বক্ততাপ্রসপো শনেছি যে মাখামন্দ্রী প্রফালেন্দ্র সেন শাক দিয়ে মাছ ঢাকার চেন্ট্রা করেছেন। অনাচারগ্রহত ব্রমণী কোন গ্রামেতে হয়তো শাক দিয়ে মাছ ঢাকেন কিল্ড রাজ্যের মুখ্যমন্ত্রী শাক দিয়ে মাছ ঢাকবেন এটা তাঁর যোগ্য কাঞ্চ নয়। তিনি উল্বন্ত কৃষক পরিবার—১৪ লক্ষ্ক পরিবারের ৭০।৮০ লক্ষ লোক দেখিয়েছেন তাদের ভেতর তিনি লাকিয়ে রেখেছেন শতকরা গ্রাম ধনী ৩ জন গামের লোকলে ভারবার করে দিচ্চে—তাদের হাতে শতকরা ৩০ ভাগ জমি আছে—এতে ডাঃ কে এন দাস একটা তথ্য দিয়ে প্রমাণ করে দেখিয়েছেন যে দুটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষির আয় শতকরা ১৭ শত কোটি টাকা বেডেছে তার শতকরা ৬ শত কোটি টাকা এইমান ৩ জন লোকের হাতে এসেছে -সেই তিনজন লোককে শাক দিয়ে মাছ ঢাকার মতন ঐ ১৪ লক্ষ লোকের মধ্যে বোখাছন। তারা প্রচর ধান মজতে করে রাখে এবং দেশের ধান চালের মূল্য বাড়ায় প্রচর মজতে করে রেখে। দেশে দার্গতির পরিসীমা থাকে না। তাদের তিনি ঐ ক্যাটার্গরির মধ্যে চ্বকিয়েছেন, কেন ঢ় কিয়েছেন জানি না। এটা তিনি বুকে হাত দিয়ে বলবেন—নিভত চিন্তার মধ্য দিয়ে তিনি তাঁর কর্তবা ঠিক করবেন। একথা ঠিক যে গ্রামের যে শতকরা ৩ জন শোষক তারা গ্রামের শস্য মজ্বত করে গ্রামকে শোষণ করে এবং কৃষির আধুনিক পর্ম্বতি প্রবর্তন করতে অস্বীকার করে। এটা জাতীয় স্বাধের পরিপন্থী। এজন্য আমি প্রস্তাব করি—আগে বহুবার করেছি— যেমন ছয় বিঘা পর্যক্ত বাদের জমি তাদের খাজনা থেকে রেহাই দেওয়া হোক। এবং তার উপরে বাদের জমি তাদের কমবর্ধিত হারে খাজনা ধার্ষ করা হোক। আর ঐ যে ২৫ একর পর্যন্ত জমির সিলিং ধার্য করা হয়েছে সেটা ব্যক্তিতে ব্যক্তিতে না করে পরিবারে সীমাবন্ধ করা হোক। সিলিংকে কমিয়ে উর্বর জমির ক্ষেত্রে ১৫ একর করা হোক। অনুর্বর জমির ক্ষেত্রে ১৫ একর করা হোক। ঐ শতকরা ৩ জন লোকের উপর কমিটি করে ট্রাক রাখা হোক তারা ধানচাল কিভাবে কোথায় মজতে করে তারা কিভাবে শোষণ করে কিভাবে আমাদের আগামী দিনের ভবিষাং এবং নতেন কৃষি পন্ধতি চালা করার বাধা দের। তারা কংগ্রেসের গ্রামাঞ্চলের ঘটিট বলে এটা চিন্তা করলে চলবে না। জাতির বহস্তর স্বার্থে—আমি সেদিনও বলেছিলাম যে ঐ নারারণী स्त्रना धन्तरम कतराज शरा—िणिन नावासुगी स्त्रनात्क शराकमन भावभारम मुग्ति करविशासन जाराव আজকে জ্বাতির স্বার্থে তাদের পরিত্যাগ করতে হবে তাদের তাাগ করতে হবে। এর সপো আর **बकी**ं कमा बिकोड़ न्भीकाड़, नाइ, वनरू हाहोड़ ख, के छाहेरड़किंछ शिन्नभन वर्षे क्लें भीनीन धवर नमाक्कारकार थाँक खावना जार मरना निकार अकथा स्मरण ना रव स्थापिकेक कनरमनरप्रेमन

অব ক্যাগিটেল অলপ করেকটি হরতো হছে। ভারতে বতসব জরেন্ট সক কোল্পালী ভালের মিলিত এয়াসেট বিদ হয় ১৬ শত কোটি টাকা তাতে মাত্র ১ শতটি টপ কোল্পালী ভালের মিলিত এয়াসেট হছে ১ হাজার কোটি টাকা। ১৬ শত কোটি বিদ সকলের হয় তাহলে ১ হাজার কোটি টাকা টপ কোল্পালীর। এই বে ইমেন্স কনসেনট্রেসন অব ক্যাপিটেল হছে একে বিদ দমন করতে না পারেন তাহলে আমরা সমাজতান্ত্রিক ধাঁচের সপ্পো ১৯৫৬ সালের ইন্ডান্টিয়াল পালিসিরেজনিউসনে বে স্টেট সেক্টর, প্রাইডেট সেক্টরের কথা বলছি, ঐ স্টেট সেক্টর আমেরিকা জাপান আর ওরেন্ট জার্মানীর মত প্রাইভেট সেক্টরের ইল্পাতে চালিত হবে। এবং এর গ্রুর্থ বাড়াতে বাড়াতে তাকে সমাজতান্ত্রিক ধাঁচে আনা হবে। তা বিদ না করা হয় তাহলে স্টেট সেক্টর বৃধা। আজকে প্রাইভেট সেক্টর-এর ওয়ান টেন্থ হছে স্টেট সেক্টর। একে গ্রাস করে ফেলবে ধর্সেকরে ফেলবে প্রাইভেট সেক্টর বিদ না ডাইরেকটিভ প্রিন্সিপ্যাল স্টেট পালিসের ভেতর আনা হয় বে কথা বলা হরেছে আমাদের সংবিধানে। বিদ না ব্যাৎক জাতীয়করণ হয় প্রত্যেকটা ম্লাবান জায়গাতে স্টেট ট্রেডিং কার্যকরী না হয় তা হলে কিছুই হবে না। স্টেট ট্রেডিং হছে লিভার—স্টেট ট্রেডিং হছে শান্তি অস্ত্র—এটা সরকারের হাতে থাকলে এবং প্রয়োগ হলে রাত্মীর ক্ষমতাকে আরও শরিশালী করবে প্রাইভেট সেক্টরকে ইম্নাইক করবে এবং ভবিষতে সমাজতন্ত্রের প্রধান স্থালে সেবে।

সমাজতন্দ্র সম্পর্কে বোনাফাইড প্রমাণ করে আজকে স্টেট ট্রেডিং চাল্ক করতে হবে। পাট এবং তামাকের দর বে'ধে দিরে স্টেট ট্রেডিং করে সেই দরকে গ্যারান্টীড করতে হবে এবং ধানচাল মজত বিদ সরকার থেকে না করেন, অন্তত, ধানচাল মজত করবার জন্য আপনাদের গ্রাম্য কমিটি করতে হবে। এই যদি না করেন, তাহলে অপরাধী হবেন আপনারা দেশের কাছে। তার সপ্পো আমি শ্রমিক অণ্ডলের জন্য বলতে চাই যে আজকে এই স্পার প্রফিট ট্যাল্প-এর বির্দ্ধে বড় বড় ট্রেড একচেটিয়া ধনিকরা এবং একচেটিয়া প্রেস যে আজমণ শ্রেহ করেছে এবং তাদের চোখ দিরে অব্যোরে কামা বেরোচেছ। তাতে কিন্তু মালিকদের স্পার প্রফিট ট্যাল্প এমন কিছু চলে বাছে না। ঐ বিড়লার হিন্দ্রস্থান মোটরস-এর এই স্পার প্রফিট ট্যাল্প দেরের পরেও ১ কোটি ৪০ লক্ষ টাকা লাভ থাকবে। জেশপ কোম্পানীরও এইসব দিয়ে প্রায় ৬০ লক্ষ টাকা লাভ হবে। কাজে কাজেই ধনীর উপর অত দাক্ষিণ্য দেখানোর প্রয়োজন নাই। কিন্তু দরিদ্রদের উপর বধেষ্ট দাক্ষিণ্য দেখানোর প্রয়োজন আছে।

এই কথা বলে আমি আমার বন্তব্য শেষ করছি।

#### Shrimati Biva Mitra:

মাননীয় ডেপ্র্টি স্পীকার মহাশয়, আজকে এই বছরের মত আমাদের বাজেট বরান্দ প্রায় শেষ হতে চলল এবং তার সঙ্গে আমাদের বস্তৃতাও শেষ হতে চলল এবং হাউসও হয়ত শেষ হতে চলল।

### (এ ভয়েস: কালকে শেষ হবে।)

করেকদিন ধরে আমরা বিশেষতঃ কমিউনিস্ট পার্টির সদস্যদের বক্কৃতা এখানে শুনে একট্ব আশ্চর্য হচ্ছি। কারণ দেশের এমন একটা সমর—যে সমরেতে আজকে প্রত্যেকের মনে কিছেটো, কি বড়—সবেরই এই কথা মনে হচ্ছে বে, কেমন করে দেশকে রক্ষা করব, প্রতিরক্ষা কেমন করে হব? এই প্রশ্ন আজকে সকলের মনে জাগছে। কিন্তু আজকে করেকদিন ধরে যে বক্কৃতা শ্নলাম, তাঁদের মনের কোণেও এই প্রশ্ন নাই। কারণ করেকদিন আগে আমাদের ফরওয়ার্ড রকএর কোন এক বন্ধ্ব যখন বললেন বে, এদের সম্পর্কে একট্ব সতর্ক হওরা দরকার। তখন তাঁরা খ্ব তাঁর প্রতি কটাক্ষ দৃষ্টি দিলেন বটে, কিন্তু আমি এই কথা বলব আজকে ভাঁদের করেকদিনের বক্তৃতা শ্নেন যে তাদের একমাত্র কথা হচ্ছে জেলে বাঁরা গিরেছেন তাঁরা দেশদ্রোহিতার চার্জে তাঁরা জেলে গিরেছেন তাঁদের কেমন করে ছেড়ে দেওরা হবে? তাদের খাওরাপরা কেমন হবে? আজ দেশে বখন মান্ধে খেতে পাছে না লক্ষ্ক লক্ষ্ক বেকার রয়েছে, বেকার স্বর্ণশিল্পী রয়েছে, তারাও আক্ষ থেছে

্রেপার বরছে, তানের ব্রেপ করা কুলেং দেওলা হচ্ছে না। যে ভাইরা প্রতিরক্ষার কন্য ।হনান্তরেই উপর পিরে ব্রেপ করছে, তালের থাওয়ার ব্যক্তনা কি হবে একথা তালের মনের কাছে নাই। এটা করনা আন্তর্ম বাপল।

### [Voices of shame, shame]

ভাষেই আমি আজ বলব একথা বে, কালকে বখন মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশার হঠাৎ মহিলাদের অভিসম্পাত করলেন—এতদিন জানতাম যে মহিলায়াই অভিশাপ দের, দুর্বলেরা চোষের জল ফেলে—কাল তিনি মাননীয়া মল্টী শ্রীমতী প্রবী মুখাজিকে অভিসম্পাত দিলেন। তিনি বললেন ঐ পাকিস্তানের কোন মল্টী তার নাম মনে নাই, তার মতন তাঁকেও পরে এর জন্য আন্দোলন চালাতে হবে। সেকেন্দার না, ইস্কান্দার মির্জা নাম বলেছিলেন। আমি তাই এই কথা বলব—বিড়ালের ভাগ্যে শিকা ছি'ড়ে পড়বে না। ও'রা বখন এই বেল্পের দিকে আসবেন এবং আমরা বখন ঐদিকে বাব, তখনই আন্দোলন স্বের্ক করবেন তো? সেহবে না, সে আশা নাই। কারণ দেশের লোক ও'দের চিনে নিয়েছেন, জনগণ তাঁদের চিনে ফ্রেক্টেন। তারা ওকাকে আসবে না, জনগণের ভোটে ও'দের আর এ তলাটে আসতে হবে না। সেকথা আমরা বিশেষ করে জানি।

আজকে শুখু এই কথাই বলব, দেশদোহীদের যদি কেউ দেশদোহী বলে এবং সেই দেশদ্রোহিতার জন্য বদি তাঁদের জেলে নিরে যাওরা হয়, তা হলে আবার সেখানে প্রিভিলেন্ড কিসের?
ক্রিভিলেন্ডরে কথা জানি না—তবে একথা বলব তাঁরা দেশদোহী না হলে, তাঁদের জেলে
ধরে নিরে গেল কেন? আজকে আমার এই কথা বার বার মনে হচ্ছে, আজকে এ বন্ধদের বালতবিকই কণ্ট হচ্ছে। কেন তাঁরা এই ভারতবর্ষে জন্মোছলেন? কেন তাঁরা চীনে গিয়ে
জন্মালেন না? কিন্তু সেদেশে না থেকে এই ভারতবর্ষে তাঁরা জন্মগ্রহণ করেছেন এবং
ভারতবাসী হয়েছেন। তাঁদের ভারতের প্রতি কোন আনুগত্য নেই, ভারতবাসীদের প্রতি
তাঁদের কোন প্রেম নাই, ভালবাসা নাই, নেনহ নাই। কোথার আছে? সেই চীনের দালাল
বাঁরা, তাদের ধরা হয়েছে। তাঁদের মুখে আজ বারে বারে সেই একই কথা—জেলের ভেতর
তাঁদের কেমন করে ভাল করে রাখতে হবে, তাঁদের কেন মুজি দেওয়া হছে না? আমি তো
শ্রেলিছলাম সোমনাথবাব্রা নাকি র্শপেশথী। তাঁরা নাকি দেশকে ভালবাসেন! হঠাৎ আবার
চীনপন্থীদের প্রতি এত ভালবাসা কেন? একথা আমি ব্যমতে পারি না। তবে আমার
মনে বেটা হয়েছিল, তা মাননীর অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে রাখলাম।

## [4-4-10 p.m.]

খাননীর স্পীকার মহাশর, আমি আপনার মাধ্যমে আর একটি বিশেষ প্রয়োজনীর কথা মাননীর সেচমন্দ্রী মহাশরের কাছে রাখতে চাই। তিনি হয়ত আমাদের উপর রাগ করতে পারেন, কারণ ১৯৬৩-৬৪ সালের বাজেট শেষ হয়ে গেল, এখন আবার এ প্রশন তোলা হছে কেন! কিন্তু এটি না বলে উপার নাই। আজ কলকাতাবাসী হতাশ হয়ে গিয়েছে, কারণ বহুদিন ধরে আমরা কালীঘাটের আদিগাল্গা সংস্কারের কথা চিন্তা করে আসছি। আদিগাল্গা সন্বন্ধে আমরা মনে মনে এই কথা ভাবছিলাম য়ে, এই আদিগাল্গা শুমু দেবতার স্থান বলে কিন্দ্র তার হিন্দরের কাছে মাহাদ্যা আছে বলে, তার জন্য আমরা আদিগাল্গার সংস্কার চাই, তা নর; এর অনেক প্রয়োজন আছে আমাদের সামাজিক জীবনে। সেই হিসাবে আজকে এই কথা বলব ফ্লাভ এনকোয়ারি কমিটি এর ইন্পুভ্রেকটের জন্য একটা রিপোর্ট দিরেছিলেন। সেই রংগার্টে তারা এই উদ্ভি দিরেছিলেন এই বলে বে,

This scheme is approved by the Committee. An early implementation of the same is recommended.

नीतकात है। क्षेत्र छाइएन कामाएस जाना एसहै। कातन क्षेत्र मान-मात्रक क्षताधेत स्कीध वा मान-नारक राज्यक :्राहिट कि करता हरव? खे जाव-जातान राजरतक श्रवाणेत काथा निरंह बारव? ক্ষুত্ৰতাতাৰ একট বৃশ্চি হলে দেখা যায় সৰ্বত চাৰিদিকে জল থৈ-থৈ করছে। আমৰা জানতম एक जिनीं क्यीय अंदा निर्दाहरलन-भक्षाना शाम क्यीम, मिश्शील एक्षराख क्यीम এবং কেওড়াপাকুর ড্রেনেজ ক্লীম। কিন্তু কলকাতার আদিগালা ক্লীম সন্তরেশ প্রতা উদাসীন। অবশ্য পঞ্চানা গ্রাম স্কীমটা শরে হরেছে, একথা আমি জেনেছি। ক্রিক্ত কেওডাপকের স্কীমের মধ্যে টালি-নালাটা মাত্র একটা সেকশন। সেখানে ষেসমূহত লোক বসবাস করে তাদের সংখ্যা হচ্ছে সাডে চার লক। আর এর মধ্যে য়েসর কর্পোরেশনের কর্নাস্ট্রায়েস্সী পড়াে সেগ্রাল হচ্চে ৬৬ ৬৭ ৭১ ৭২ 95 HO हेजामि। कर्लार्यम्यात्र कर्नान्वेद्धान्त्री हाजान बारमाद्र नामाद्रानी ग्रीजवा ঢাকরিয়া অনেক নাবাল ভূমি আছে, গভন মেন্ট সেখানে বড বড খাল বন্ধ করে দিয়ে, এখানে भागात्यव वसरात्मव क्रिको केवल्या। अहे जामिश्रामात थाम थान करत त्य भागि छेरेरव स्मेह भागि দিয়ে এই সমুহত নাবাল জায়গা ভুরাট করে নিশ্চয়ই সেখানে বসবাসের উপযোগী ব্যবস্থা করতে পারবেন। এ ছাড়াও আব একটা দিক দেখবার আছে। সেটা জনস্বাস্থ্যের পক্ষে ভয়ধ্বর ক্ষতি-কারক। অর্থাৎ সেখানে যখন জোয়ারের জল আসে এবং **রোরপ**র ভাটা পড়ে সেখানে এক খিভংস দৃশ্য দেখা যায়। যত কিছু মরা গরু, মহিষ সব জোয়ারের জলে ভেসে আসে এবং সেগালি ভাটার সময় গুণগার গহনরে মাটিতে পড়ে থাকে আর তার উপর দলে দলে শকন উত্তে विखास धवर ध्येथान पिरस ছেলে-প্রলের। यथन श्कल यास छाप्तत अनकरक ठेकरत एतत। এ এক বভিৎস দশ্য। তার উপর সেখানে লক লক লোক স্নান করতে আসে। লক লক লোক শ্ধে যে আদিগণগার স্নান করতে আসে তা নর, ঐথানে কালীঘাটে শ্রীমা-কালী দর্শন করবার জনা বহু লোক আসেন তাদের জনা যদি গভনমেন্টকে জলের বাকথা করতে হত তা তাঁৱা করে উঠতে পারতেন না। তাঁরা এই পবিত গঙ্গার জল স্নান ও পান করেন। সেই জনা আমি সরকারকে এই কথা বলব—এই আদিগুগুগা সম্পর্কে প্রিলিমিনারী কান্ত ষেটা সেটা ধদি শরে করে দেওয়া হয়, তাহলে এখানকার কলিকাতাবাসীরা নিশ্চর খুসী হবেন এবং তাঁরা ভাববেন যে আমাদের আদিগপার কাজ অন্ততঃ এবার শরে হয়েছে, এর শেষ হয়তো কিছু দিন পরে

এ ছাড়াও বাবসা জগতে আমরা দেখেছি ইনল্যান্ড ট্রান্সপোর্ট বিলাতে, জার্মানীতে—আমি অবশ্য সেখানে বাই নি, আপনারা এর জন্য হাসবেন না—তবে সেখানে বিলাতে, জার্মানীতে শর্নাছ যে সেখানে ক্যানেল সিস্টেম আছে। ক্যানেল সিস্টেমএর মাধ্যমে বড় বড় নদার সংযোগে নোকা করে ব্যবসা-বাণিজ্য করা বার। সেগ্রিল তারা তৈরী করেছে। কিন্তু আমাদের এখানে যেগ্রিল প্রাকৃতিক কানেল আছে. যেগ্রিল ব্রুজে গিরেছে সেগ্রিলকে এক্সান্ডেশন না করে কেন আমরা এড়িয়ে যাছি। আমি অন্ততঃ, আমাদের মন্দ্রিমহাশারকে এই ক্যাই অন্রেম্ব করব যে. এই আদিগপা সংস্কারের জন্য লক্ষ লক্ষ মান্হ হাঁ করে তাকিয়ে আছে। সাঞ্চে চার লক্ষ লোক তাঁর দ্পাশে বসবাস করছে এবং সেইখানে দেখা যাক্ছে যে লক্ষ লক্ষ মান্হ সেই জলে চান করছে এবং পবিত্র গণগার জল খলে সেই জল পান করছে। অতএব এই ধর্মমত ভারতবর্ষ থেকে তাঁরা তুলে দিতে পারবেন না, তার জন্য আজ বিশেষ দরকার হয়েছে এই আদিগপ্যা খননের জন্য। এই কথা বলে আমি এই আ্যাপ্রোপ্রিরেশন বিল স্মর্থন করে আমি আমার বহুব্য শেষ করলাম।

[4-10-4-20 p.m.]

# Shri Cour Chandra Kundu:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, এবারকার বাজেটটা জনসাধারণের কাছে একটা ব্লেট আকারে দেখা দিয়েছে। কেন্দ্রীয় বাজেট এবং রাজ্যসরকারের বাজেট, দ্টি বাজেটের পর বাজারে ধারা অসাধ্ বাবসায়ী, ধারা চালের চোরাকারবার করে, জিনিস্পিত্রে দাম বাড়িয়ে আজকে ম্নাফা ল্টতে চার তারা আজকে স্বর্গস্থে বাস করছে। কিন্দু আজকে সংধারণ মান্য অত্যত দ্বংখকণ্টের মধ্যে পড়েছে তা মাননীয় ডেপ্টি স্পীকার, আর্থনি সেটা জানেন। আমি সেইজন্য আ্যাপ্রোপ্রিয়েশন বিলকে উপলক্ষ্য করে সেই বিবরে প্রিচমবংগ মন্যিকারর দ্ভি আকর্ষণ করতে চাই। অবশ্য ম্থামন্ত্রী নি:মান্তের্থ গিরে,

জ্ঞাসেমবির ভিতরে আসেমবির বাটরে বড় গলা করে সব সময় বলে থাকেন বাংলাদেশে पर्टिक राक्त ना अप्रे विदर्शयीभाकत शाहर आपना स्थान शाहर ना प्राप्त कथारक বার বার বেমন করে সেটাকে সতা বলে প্রমাণ করবার চেণ্টা করতেন আমাদের বর্তমান মঞ্চ-মুক্তীও সংখ্যাতত্তের আভালে আসল জিনিস্টাকে ধামাচাপা দিতে চান। মাননীয় ডেপ্টিট স্পীকার মহাশয়, এই হাউসের সমসত সদসাদের এই মর্মান্তিক অভিজ্ঞাতা আছে, বাজারে আজকে চালের মণ তিরিশ টাকা পর্যশত উঠেছে, ডাল বহিশ টাকাশ উঠেছে এবং সমস্ত জিনিসপতের नाम न<sub>र</sub>-এक मात्र आर्थ या हिल जात क्रांस वर् श्रीत्रमाण दिए शिसारह अवर मान्यायत आस আজকে অতালত কমে গিয়েছে বা যা ছিল তাই আছে। আমি একটা উদাহরণ শুধু দেব যে, একটা মন্ত্রে, একটা দিনমজ্রে দেড টাকা আয় করে, তার সংসারে যদি চার জন লোক থাকে আপনি আমাকে হিসাব করে বলে দেন যে, চাল সে কি দিয়ে কিনবে এবং অন্যান্য জিনিস বা **म्हिन कि पिरान किनारत।** আজকে এই तकम प्रस्तु मू ठोकात मज़रात्वत मध्या, प्रस्तु प्रकार मह ठोका আয় করা লোকের সংখ্যা আজ পশ্চিমবঙ্গে সর্বাধিক। যারা তাতে কাজ করে যারা বিভি বাধে ৰারা কলে কারখানায় কাজ করে, যারা ক্ষেতমজদুরের কাজ করে, যারা উদ্বাস্ত কলোনীতে ধাকে এবং পথেঘাটে ঘুরে বেড়ায় তাদের সংখ্যাই আজ সর্বাধিক বেশী এবং সেই সমস্ত মানুষ্ট আজকে এই খাদাসঞ্চটে জজরিত হচ্ছে। তাদের দিকে দ্বিট দেবার জন্য আমি মুখামল্টীকে অনুরোধ করব। দুভিক্ষি শুধুমার চালের অভাবেই হয় না। চালের দাম যথন বেডে यात्र, মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে যায়, তখন দুভিক্ষি দেখা দের। মানুষ যখন **ठाल किन्तर्फ शारत ना, यथन थारफ शाय ना एथन मृह्णिक मिया मिया व हाए। यथन ठाल কিন**তে পারে না পরসার অভাবে তখনও দুর্ভিক্ষ দেখা দেয়। পশ্চিমবংগের দুর্ভিক্ষের বর্তমান অবস্থা হচ্ছে এই। বিভিন্ন জেলার নদিয়া বীর্ভম মুশিদাবাদ বাঁকড়া সমুস্ত জেলায় আজকে থবরের কাগজে যে খবর বের হয়, যাগ্রুতরে বের হয়, আনন্দবাজারে বের হয়, বস্মতীতে বের হয়, প্রত্যেকদিন আমরা কাগজে দেখি মানুবের মুম্বান্তিক অবস্থার কথা বের হয়। পশ্চিমবপ্সের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভা যদি এই সম্বন্ধে উদাসীন থাকেন তা হলে আমি মনে করব বাংলাদেশের মান যের প্রতি চরম অবহেলা করা হবে। এইজনা একটা দুল্টি দিতে বলছি। আজকে ডি আই রূল, ডি আই রূল শুধু প্রয়োগ করা হচ্ছে কমিউনিস্টদের বির শেষ। আমার পূর্ববতী বক্তা শ্রীমতী বিভামিত বলে গেলেন যে, তাঁরা দেশদ্রোহী। আমি বঙ্গতে চাই যে. তিনি জানেন না যে আইনে কি কথা লেখা আছে, সে লেখা তাঁরা দেখেছেন কিনা জানি না তাঁদের আদালতে কোন বিচারকরা, কংগ্রেস সরকারের বিচারকরা, হাইকোর্ট, জ্জাক কোট. লোয়ার কোট. কোন কোটএ আজ পর্যন্ত একটি কেস প্রমাণিত হয় নি. একটি কেস কনভিকশন হয় নি, তিনি কি করে বলেন দেশদ্রোহী। তিনি এখানে বসে বসে ম্যান ফ্যাক্চার করতে পারেন আইনসভার ভিতরে, তিনি বসে বসে কালীঘাট কেলে ম্যান-ফ্যাক্চার ক্রতে পারেন, থানায় কংগ্রেসের লোকরা গিয়ে, মন্ত্রীরা থানার অফিসারদের ফোন করে দেশদ্রোহিতা ম্যানুফ্যাকচার করা চলে কিল্ডু দেশদ্রোহিতা প্রমাণ করা চলে না। মিথ্যা কথা বলে বাজার গরম করা যায় কমিউনিন্টদের বিরুদ্ধে কিন্তু এতে দেশ উম্ধার করা যায় না। প্রতিরক্ষা ব্যবস্থাকে দঢ়তর করতে৷ গেলে যে ঐক্য দেশের মধ্যে দরকার, কমিউনিন্ট পার্টি ষে ঐক্য করার কথা বলে, সেই ঐক্যতে বাধা স্থাতি করছেন বিভা মিত্রের দলরা নেপাল রাহের দলরা আমি সেই কথাই বলতে চাই। কিন্তু ডি আই রূল অপব্যবহার করা হচ্ছে। যারা চালের চোরাকারবারী করছে, লোককে না খাইয়ে মৃত্যুমুখে ঠেলে দিচ্ছে, তারা আজকে কংগ্রেসের ইলেকশনে টাকা দেয়। সেই সমস্ত লোককে ডি আই রুলএ একটিকেও গ্রেপ্তার করা হয় নি। আমি মাননীয় মুখামন্ত্রী মহাশয়কে জিল্ঞাসা করছি আজকে একটিকেও, যারা চালের চোরাকারবার করে, তাদের ডি আই রুল-এ ধরা হয়েছে? হাাঁ, হয়েছে, রাণাঘাটে পরশূদিন একজন লোকানে লিস্ট টাপ্গায় নি. দামের যে লিস্ট তা টাপ্গায় নি, তার জন্য আজকে ডি আই বুল-এ সে গ্রেপ্তার হল। কিন্তু যাব্রা ২৫ টাকার চাল ৩২ টাকার বিক্লি করছে, মানুষকে না খাইরে মেরে ফেলছে তাদের একটা লোককেও ডি আই রুলস্এ গ্রেম্ভার করা হয় নি। কারণ তারা ইলেকশনের সময় কংগ্রেসকে চাঁদা দেয় মোটা টাকা, তাতে কংগ্রেস ক্যান্ডিডেটরা জিতে বেরিরে আসেন এবং এখানে মেজরিটি করা হর সেইজন্য তাদের ডি আই র*ুল*এ য়োশ্তার করা হয় না। কমিউনিস্ট পার্টি আঞ্জকে পথেঘাটে প্রতিরক্ষা ব্যবস্থাকে দৃঢ়তর করবার জন্য বারা আপ্রাণ চেন্টা করেছেন, ভারতীর কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদের প্রস্তাবকে

কার্যকরী করার চেণ্টা করেছে আজকে তাদের জেলের অভ্যন্তরে নিয়ে গিয়ে তীর কণ্ট দেওৱা हराका खाक्राक वनातन त्य, व्यात्मात्र मत्या जाता त्थां भारक, किन्छ जाता त्थां का मा। এমন খাওয়া বিভা মিত্র খেতে পারেন, তাঁদের সরকারের জেলখানায় গৈয়ে তিনি বেশী করে খান আমরা সেখানে খেতে চাই না, আমাদের কমিউনিস্ট পার্টির কোন সভ্য সেখানে খেতে মান না তারা বাইরে যদি খেতে নাও পায় তব্নও বাইরে থাকতে চায়। কারণ জেলের ভিতরে হাটিল আমলের যে ডায়েট "এ" ডায়েট "বি" ডায়েট "সি" ডায়েট এই যে ব্টিল আমলের সেই চিরুতন প্রথায় চলছে, কাঁকরওয়ালা চাল, আর ঐ বাগানের কপিসেম্খ, কপিপাতা, এই সব খাইয়ে রাখছেন। দেশের কাছে, প্রথিবীর কাছে প্রচার করছেন ভারতবর্ষ একটা কল্যাণকামী वान्ये ভाরতবর্ষে মানবতা চলে। কিন্তু সেইখানে যাদের বিচার হয় না, যাদের সাজা হবে না, ঘাদের বিরুদ্রেধ কেস প্রমাণিত হবে না. আজকে তাদের অমানুষিক নির্যাতনে রেখে চরম অপরাধ ঘণা অপরাধ আপনারা করছেন। কাজেই আজকে তাদের হয় মাজি দিন না হয় ১৯৪৯ সালে রাজবন্দীদের সম্বন্ধে যা হয়েছিল সেই চক্তি আপনারা অক্ষরে অক্ষরে প্রতিপালন করন। কারণ সে সময় যিনি মুখ্যমন্ত্রী ছিলেন আজও সেই সরকারই গদীতে বসে আছেন। সত্তরাং আজকে আপনাদের বিন্দুমাত যদি সেই চ্ডির প্রতি শ্রুমা থাকে. নিচেদের চুক্তির প্রতি শ্রন্থা থাকে, তবে তাদের রাজবন্দী হিসাবে স্বীকার করে রাজবন্দীর মর্যাদা দিন। বলবেন যে, রাজবন্দী কেন? আপনারা কেন্দ্রীয় মন্দ্রী লালং।হাদ্রের শান্দ্রীর পার্লামেন্টে যে বিবৃতি দিয়েছেন, দমদম সেন্ট্রাল জেলের সম্বন্ধে যে বিশ্বতি দিয়েছেন, সেই বিশ্বতিতে পশ্চিমবঞ্গের যেসমুস্ত বন্দীদের ডি আই রুলএ গ্রেণ্ডার করা হয়েছে তাদের তিনি রাজবন্দী হিসাবে স্বীকার করে দিয়েছেন। রাজ-নৈতিক কারণে আজ তাঁদের আপনারা গ্রেণ্ডার করছেন। প্রতিপক্ষকে দমন, কািম্টনিস্ট পার্টিকে ধরংস করে নিজেদের ব্যব্দথাকে চিরুদ্থায়ী করবার জনো, জনসাধারণের ধুমায়িত বিক্ষোভকে কোণঠাসা করে দেবার জন্য আজ আপনারা এই বাবস্থা করছেন। আমি বলি এই ডি আই র,লএর অপবাবহার তাঁরা করছেন। একদিকে তাঁরা চোরাকারবারীদের গ্রেণ্ডার করছেন না। যারা দেশের মধ্যে অসাধ্ ব্যবসা করে, আর একদিকে যারা পণ্ডিত নেহরুর ছোষিত নীতি এবং কলন্দেবা প্রস্তাবের বিরোধিতা করছেন তাদের সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন মনে করেন না। কিল্পু যার্য ভারত সরকারের বিঘোষিত নীতিকে গ্রামে গ্রামে শহরে শহরে প্রচার করে কাজ করে যাচ্ছেন, তাদের আপনারা গ্রেণ্ডার করছেন। কেন? না, তারা কমিউনিস্ট। আসল প্রশ্ন কমিউনিস্ট। কেন না কমিউনিস্ট পার্টি পশ্চিমবংগে স্বর্ণবৃহৎ বামপন্থী পার্টি। কমিউনিস্ট পার্টিকে ধরংস করে দেওয়া এটাই হচ্ছে কংগ্রেস শাসক পার্টির উদ্দেশ্য। সেইজন্য আমি বলি যে. এই প্রতিহিংসা চরিতার্থ করার মনোবৃত্তি ত্যাগ কর্ম এবং দত্তিকারের তারা দেশের প্রতিরক্ষাকে দৃত্তর করার জন্য ঐক্যবন্ধভাবে কাজে এগিয়ে আসুন এই হচ্ছে আমার একান্ত অনুরোধ এবং বন্দীদের প্রতি একটা মানবতাপূর্ণ ব্যবহার কর্ন। দবচেয়ে দঃখের বিষয় নদিয়া জেলায়—নদিয়া জেলার মল্টীর সংখ্যা অবশ্য এখানে বেশি—নিদ্য়া জেলায় দেখি যে এ পর্যন্ত ৭২-৭৫ জন লোককে গ্রেণ্ডার করা হয়েছে। তাদের ডিভিসন দেওয়া হল না। কিন্তু সমস্ত জেলায় জামীন পাচ্ছে, হুর্গালতে পাচ্ছে, কলকাতায় পাচ্ছে, ্যাওড়াতে পাচ্ছে কিন্তু নিদিয়া জেলায় পাচ্ছে না। আমরা মনে করি এর পিছনে কংগ্রেস দলের একটি বড়বন্দ্র আছে যাতে করে নদিয়া জেলার কমিউনিস্ট পার্টি এবং সাধারণ কর্মীদের গ্রেপ্তার করে তারা প্রতিহিংসা চরিতার্থ করছেন সেইজন্য মন্দ্রিমহাশ্য়দের দুল্টি এদিকে একটু আকর্ষণ করতে চাই। অবশেষে আমার সময় অলপ, পরিশেষে আমার একটি কথা, স্থানীয় সমস্যা, মামি বিশেষ করে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে যে, আপনারা জানেন নদিয়া জেলার রাণাঘাট একটা বর্ডার এলাকা। আমাদের নিদরা জেলার যেভাবে জনসংখ্যা বেড়েছে, ব্টিশ আমলের থেকে বর্তমানে একমাত রাণাঘাট মহকুমায় তিন-ডবল লোকসংখ্যা বেড়েছে। ্চিশ আমলে বেক্ষেত্রে ঐ হাসপাতালে ৭টি বেড ছিল এখনও সেই ৭টি বেডই আছে। সেলনা আমি প্<sub>নঃ</sub> প্<sub>নঃ</sub> মন্তিমহাশরের দ্ভি আকর্ষণ করে বলতে চাই হাসপাতালের ব্যাপারে লৌর রাজনীতি করবেন না। বেখানে ৭৫টি বেডের একটা হাসপাতাল করবার পরিক**ল্পনা** ছল, জানি না এখন সেটা কংগ্রেস কর্ত পক্ষ দলীয় রাজনীতির খাতিরে সেটা পরিত্যাগ করেছেন क्ना।

[4.20 4.80 p.m.]

### Shri Probhakar Pal:

মাননীয় ডেপ্টোট স্পীকার মহাশর এইমার কমিউনিস্ট পার্টির একজন মার সদস্য বেভাবে উত্তেজিত হয়ে বস্তুতা করলেন তাতে মনে হল কংগ্রেস সরকার কমিউনিস্ট পার্টির কমীদের কারার খ করে খবে অন্যায় কাজ করেছেন। আজকেই শুখু নর, এই সেসন-এর প্রথম থেকেই ক্রি রাজাপালের ভাষণের উপর কি বাজেটের সাধারণ আলোচনায় বিভিন্ন বরান্দের কাটমোশন এর উপর ক্রিমড়নিক্ট পার্টির বিভিন্ন মাননীয় সদস্য এই জিনিষ্ট বলতে চেয়েছেন বে. কংগ্রেস সরকার এমান্তেশিস-র সময় তাঁদের মত দেশপ্রেমিক মান্ত্রেকে কারার ম্ব করে খবে অন্যায় কাল করেছেন, অবৈধ ও গৃহিত কাল করেছেন। সঙ্গে সঙ্গে এই জিনিষ তাঁরা প্রমাণ করতে দক্ষেত্র এই হাউসের সামনে যে তাঁদের মত দেশপ্রেমিক মান্ত নাকি এই বাংলাদেশে খবে ক্ষু আছে তাঁরা নাকি দেশের প্রতিরক্ষার ব্যবস্থা সন্দের করে গড়ে তলতে চান। স্যার, শুই বিধানসভার বন্ধতা থেকেই নয়, আমরা তাদের অন্যান্য কর্মকলাপ থেকেও দেখতে পাই বৈ জাঁৱা ১৯৪১ সাল থেকে ভাষ্ঠ পথে চলেছেন। আজকে এই জাতীয় সংকটের সময়ও তাঁ**রা** জ্জা পাথে চলছেন এবং সতিকোরের দেশরক্ষার কাজে বিরোধিতা করছেন। সারে এই বিধান-সভায় তাদের বক্ততার এই যে অভিনয়, এই অভিনয়ের পিছনে তাদের দেশপ্রেমের যে মুখোস অর্থাৎ প্রতারণা রয়েছে সেই কথাই আমি বলতে চাই। আপনি জানেন আমি যে এলাকা থেকে এসেছি হুগলি জেলায় সেই সিশ্যুর থানা কেন্দ্র কমিউনিস্টদের একটা খুব শক্তিশালী ঘাঁটি। এই এলাকার ক্মিউনিস্ট পার্টির ক্মীরা দেশপ্রেমের যে নমনো দেখিয়েছেন সেই কথাই আম্রি এখানে নিবেদন করব। আজকে জাতীয় প্রতিরক্ষা বাবস্থা গড়ে তোলবার জন্য দেশের লোকে**র** মনোবল যাতে অট্টে থাকে তার ব্যবস্থা করা দরকার। কিন্ত ঠিক এইসময় যাতে দেশের লোকের মনোবল ভেগে যায়, দেশের সংহতি যাতে নণ্ট হয় তারই জনা কমিউনিস্ট পার্টির ক্ষাীরা আমাদের দেশের নিরক্ষর মানুষের মধ্যে প্রচেণ্টা করে যাচ্ছেন। গত ২৬-১০-৬২ তারিখে গোপালনগরে কমিউনিস্ট পার্টির জেলা কমিটির সম্পাদক শ্রীঅজয়কুমার বসরে সভাপতিত্বে একটা সভা হরেছিল, সেই সভায় সিপারে থানার বিভিন্ন অঞ্চল থেকে কমিউনিস্টরা এসেছিলেন—এই সভায় ছিলেন গৌরস্কর মুখার্জি সিগ্মর থানার কৃষক সমিতির সম্পাদক. লেগে যাবে। এই সভায় আলোচনার বিষয় ছিল, চৈনিক আক্রমণের মূখে ভারত সরকারের মিখ্যা প্রচার। চিন্তা কর্ন, স্যার, চৈনিক আক্রমণ কবে হয়েছে তার পনের দিন পরে ২৬-১০-৬২ তারিখে কমিউনিস্ট পার্টি সভা করে ভারত সরকারের নীতির নিন্দা করে বলছে —ভারত সরকার মিখ্যা প্রচার করছে চীন সরকারের বিরুদ্ধে। বিভিন্ন গ্রামের সকল নিরক্ষর মান্ত্রের সরলতার স্থেয়াগ নিয়ে তারা এভাবে সরকারের বিরুদ্ধে যুদ্ধের বিরুদ্ধে প্রতি-ব্রক্ষার বিরুদেশ কংসা প্রচার করছে। স্যার আমি এখানে একটা ঘটনার কথা বলতে চাই— আপনি শনেলে আশ্চর্যান্বিত হবেন-এটা হল ২০শে নবেন্বর তারিখের ঘটনা। স্যার, ১৯শে নবেশ্বর আমাদের ভারতবর্ষের জাতীয় জীবনের পক্ষে একটা খ্বই দুর্দিন, উত্তর সীমান্তে বর্মডিলার পতন হয়েছে. এবং সেদিন সমস্ত ভারতবর্ষের মানুষ, পশ্চিম বাংলার মানুষ একটা অতানত দঃখের মধ্যে দিন কাটিয়েছে। সমুহত মানুষের মন যখন দঃখ-ভারাক্রান্ত, সেই সমন্ত্র নিশ্সরে কমিউনিস্ট পার্টির অফিস খেকে জনসাধারণের মধ্যে মিডিট বিতরণ করা হয়েছিল। স্যার, এর থেকে প্রমাণ হয়, তাঁরা কত বড় দেশপ্রেমিক। এবং সরকার তাঁদের কারার খে করে কত অন্যায় কাজ করেছেন। এই কংগ্রেস সরকারের গণতান্ত্রিক আদর্শের সুযোগ নিয়ে তাঁরা जाक्क भर्यम्ण शास्म शास्म सूरस्थत्र वितृतस्थ, अतकारतत्र वितृतस्थ, तारमोत वितृतस्थ शासकार्यः চালাচ্ছেন। আমি মনে করি সরকারের দূর্বল নীতির জনাই আজ পর্যন্ত তারা বাইরে আছেন। ন্সায়ি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আজকে বাংলাদেশের জনসাধারণ সরকারের কাছে জানতে চার ভারা আজও পর্যান্ত সরকারের বিরুদ্ধে, রাম্মের বিরুদ্ধে এইরকম প্রচার করবার স্বোগ পার কেন? আমি এখানে জনুসাধারণের পক্ষ থেকে দাবি কর্ছাছ অবিলম্বে কমিউ-নিস্ট পর্টির সমস্ত প্রলিটিক্যাল রাইট প্রত্যাহার করা হোক এবং তাঁদের বেআইনী বলে ঘোষণা **করে তাঁদের** সম্পর্কে উপয**্ত** ব্যবস্থা অবলন্দ্রন করা হোক।

### Personal explanation

Shri Syed Kazim Ali Meerza: On a point of personal explanation, Sir, I was not in the House but I have just learnt that one of the honourable members, Shri Birendra Narayan Ray, has mentioned certain things in this House with regard to the Hindu-Muslim Unity Association which my late father had created and I believe he has said that I was against it and I did things so that this Association may not succeed. It is a colossal untruth I say.

Mr. Deputy Speaker: That's all.

Shri Syed Kazim Ali Meerza: No, I will go further, Sir, with your permission. I have proof with me—I have a letter of my late father—that I was not only a member of that Association but I was an active member and I was more or less the sponsor of that Association. It was at that time late Sarat Chandra Bose, Dr. Syamaprosad Mukherjee—people of that Calibre—were in that Association. We came in contact with them. Even Netaji Subhas Chandra Bose used to come to our residence. (Noise and interruptions from the Opposition Benches). Yes, I tell you, be used to come to our residence at Park Street. Therefore, if the honourable member indulges in such colossal untruth, what is the remedy? Day in and day out we have been hearing this. I suggest, Sir, that I shall produce that letter before you and the matter be referred to the Privilege Committee so that such colossal untruth—I cannot say 'lie' as that is unparliamentary—should be taken up once for all and that these things are not repeated in this House. Furthermore, he has mentioned something about Pakistan. We are now in a state of emergency.

Mr. Deputy Spearker: You must be very brief.

Shri Syed Kazim Ali Meerza: As far as those allegations are concerned, those are also great falsehoods I should say. Furthermore, people like him had been trying to pull the strings in our district during the last incident. We had to go there to bring about peace and amity. Is this permissible in this House, would you permit this, Sir? I shall place that letter before you and would request you to take up the matter in the Privilege Committee.

#### The West Bengal Appropriation Bill, 1963

#### Dr. Susil Kumar Das Gunta:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, আজকে অ্যাপ্রাগিয়েশন বিল সমর্থন করতে উঠে আমি কলকাতার বদতী সমস্যা সম্বন্ধে কিছু বলতে চাই। এই হাউসে ক্যালকাটা শলাম ব্লিয়ারেস্স বিল পাশ হয়েছিল এবং যারা বদতীর মালিক তারা আশা করেছিল যে, গভর্নমেন্ট ক্লিয়ারেস্স বিলপ্রের অন্সারে বদতী উচ্ছেদ করে তাদের হাতে অনেক টাকা দিয়ে দেবেন। কিন্তু ভারত সরকারের বাধা ও নিষেধ আসার দর্শ তাঁদের সে আশা সফল হয় নি। আজকে দেখা যাছে বদতীর বারা মালিক তারা সম্পত বদতী অবাঙালীর কাছে বিক্লি করে দিছে। আমি কাশীপ্রের কথা বলছি যে, সেখানে তিনটা বড় বড় বদতী অবাঙালীর কাছে বিক্লি করে দিয়েছে এবং তারা এসে বারা বদতীর অধিবাসী—কেউ কেউ হয়ত কুড়ি বছর আছে—তাদের বির্দ্ধে মামলা করে মারধার করে, তাদের ঘরদোর জন্মলিয়ে তাদের রাস্তা বন্ধ করে বাধা স্থিত করে তাদের যোত্তা করছে। আমি সরকারের কাছে একথা বলতে চাই যে এক্ষ্মণ একটা আইন বা অর্ডিনাান্স করা দরকার যাতে যতক্ষণ না দলাম ক্লিয়ারেন্স বিল কার্যকরী করা ইর ততক্ষণ পর্যক্ত এই বন্তীর মালিকানা যেন অন্য হাতে ম্বান্সফার করা সম্ভব না হয়। বিত্তীয় কথা আমি বন্ততী সম্বন্ধে বলতে চাই যে, কলকাতার বন্ধতীর উপর করপোরেশন যে হারে টাল্ল থার্য করেন সোটা হছে একটা কালেক্টিভ ওরেতে ধরা হয়। অর্থাৎ সম্পত্ত বস্ততীতে বুজালি বর আছে তার কালেক্টিভ ভালের্য্যেশন ধরে সেখনে সাডে বাইশ বা সাডে তেইশ

পারসেন্ট টাব্রে করা হর। কিন্তু ঐ ধরগারি বাঁদ আলাদা করে তার টাব্রে করা হত তা হলে মাত্র ১৫ পারসেন্টের বেশী টাব্রে করা সম্ভব হত না। বস্তীতে শাধ্য শ্রমিক থাকে না, মধ্যবিত্ত বহু লোক বারা থাকে তাদের বাঁচাবার জন্য সরকারের একটা কিছু করা দরকার বলে আমি মনে করি।

[4-30-4-40 p.m.]

আমি একটা কথা সরকারের কাছে রাখতে চাই যে সরকার যদি জমিদারদের কাছ থেকে সমুহত জুমির দায়িত নেন এবং বহিত্র যারা ভাডাটে বা মালিক আছে তাদের কাছ থেকে ভাডা आमार करत भत्रकात योग जात भतिहालनाव जात रान्न यर्जामन ना म्लाम कियारवन्स विल कार्यकर्ती হয় তত্তিদন বসতীর মানুষে বে'চে যাবে। তার মধ্যে আসেত আসেত স্লাম ক্রিয়ারেন্স না করে বশ্তী উল্লয়ন যাতে করা যায় তার চেণ্টা করুন। রাস্তা ভাল করুন, আলো করুন এবং সব-চেয়ে বেটা বড় দরকার বস্তীতে যতগালি খাটা পারখানা আছে সেগলোকে স্যানিটারী প্রিভি করা। আমি আর একটা কথা বলব স্বর্ণশিলপী সম্বন্ধে। এই হতভাগাদের কথা প্রতিদিনই কাগজে দেখতে পাচ্চি যে একজন না একজন করে স্বর্ণখিলপী মারা যাচে। আমরা মাদাভে দেখেছি যে, এদের বিকলপ বাবস্থা হিসাবে কো-অপারেটিভ বেসিসে শিলপ গড়ে দেবার বাবস্থা হচ্ছে। আমি একটা প্রস্তাব রাখতে চাই যে, এদের কিছু গড়ে দেবার আগে এদের একটা ইনডাম্মিয়াল ট্রেনিং দেওয়া দরকার, কিম্তু বর্তমানে ভারত সরকার এই আর্টিজন অ্যান্ড ট্রেনিং-এর উপর বিধিনিষেধ রেখেছেন। সেটা হচ্ছে যারা স্কুল ফাইনাল পাশ করে নি তাদের নাকি এই ট্রেনিং দেওয়া সম্ভব নয়। আমার কথা হচ্ছে আমরা কি ভারত সরকারের কাছে দাবি নিয়ে উপস্থিত করতে পারি যে, স্বর্ণশিল্পীদের বেলায় স্কল ফাইনালের ঝাপারটা চিন্তা করা যায কিনা? এদের আর্টিজন আন্ডে ট্রেনিং যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করি। আর এই বিকল্প ব্যবস্থায় যদি শিল্প গড়ে তোলা যায় তা হলে ছোট ছোট জিনিষ যেমন গ্রামোফোনের পিন, পেরেক, সেলাই কলের ঢাকনি প্রভৃতি তৈরী <sup>\*</sup>করে দেবার র্যাদ বাবস্থা করে দেওয়া যায় তা হলে এরা জীবন যাপন করতে পারে। আমি আব একটা বিষয় বলছি। বাংলাদেশে মাছের অভাব ভয়ানক। আমাদের এই বাংলাদেশেই এক কিলো মাছের দাম পাঁচ টাকা। কিন্তু একটা মাছ সস্তায় পাওয়া যায় সেটা হচ্ছে তেলাপিয়া মাছ যা আমেরিকান কই মাছ। আমরা দেখেছি তেলাপিয়া এটা একটা ফ্রেস ওয়াটার বা মিণ্টি জলের মাছ এবং এই মাছ বাজারে মাত্র দু, টাকা কেজিতে বিক্তর হয়। আমি যত বাজার ঘুরে দেখেছি কোন বাজারেই তেলাপিয়া মাছ পড়ে থাকে না। এই মাছের বিচিত্র জীবন এরা রুই মাছের মতন নয়। র.ই মাছ বছরে মাত্র একবার ডিম দেয় এবং তাও আবার রানিং স্ট্রীমে ডিম দেয় আর সেজনাই রুই মাছের ডিম আমদানি হয় দ মাদর, রুপনারায়ণ, লালগোলা থেকে: এবং তারা খুব ভাল জল না হলে বাঁচতে পারে না, কিন্ত এই তেলাপিয়ার অভ্তত জীবন এরা যে কোন ভোবা নালা বা পাঁকের পক্রেরে বাঁচতে পারে এবং বছরে এরা তিনবার ডিম দেয় ও সবচেয়ে বিচিত্র এই যে, এদের বাচ্ছাকে অন্য কোন মাছ খে'র ফেলতে পারে না। যখন কোন বহিঃশত্র আক্রমণ হয় তথন তেলাপিয়ার বাচ্ছার: তার মায়ের সুখের গহরুরের মধ্যে আশ্রয় নেয়। আমি কাগজে দেখেছি যে. তেলাপিয়ার বংশ নির্বাংশ করা হোক এরপে বেরিয়েছে কারণ এরা নাকি অন্য মাছকে আক্রমণ করে খেয়ে ফেলে। আমি বলব কোথায় তার সম্ভাবনা—আমরা তো ভাল প্রক্রে তেলাপিয়া মাছ চাষ করতে বর্লাছ না—আমরা বলছি ডোবা বা নালাতে চাষ করুন যেখানে অনী মাছের চাষ হয় না। এটা অ্যানালিসিস করে দেখা গেছে, এতে এমন কিছু নেই যে বাংলা-দেশের অন্য মাছের সংগ্যে আপ:সট করতে পারে। সেজন্য এর চাষ বাডিয়ে অন্তত বাঙালী বাদের আমি ট্রকরো মাছ না হলে চলে না তাদের কিছু ব্যবস্থা করা সম্ভব এই চাষের স্বারা। আর একটি কথা মাননীয় ডেপ্টি স্পীকার মুহাশয়, আমি আমার কনস্টিটিউরোল্স কাশীপ্রে मन्दर्भ वनट हारे य कामकांगे रेटनकप्रिक मान्नारे कर्पाद्रमन कामीभद्रद्र य उट्टक्रे পাওরার স্টেশন সেখানে যে রকমভাবে কয়লার ধোঁয়া ছাড়া হচ্ছে তাতে আমরা মনে করি যে এই কাশীপারের এই ঘন বসতিপূর্ণ স্থানে কিছুদিনের ভিতরে লক্ষ লক্ষ লোক যক্ষ্যার আক্লান্ত হবে। এটা তলে নিতে আমি বলি না—আমি বলি যে, আগেও এরা খোঁয়া ছাডত। আমরা যদি টেলিফোন করে বলতাম-এদের মেনটে সের লোক তাদের স্মোক কন্টোলিং মেসিন সেই ধোরাকে

সাদা করে দিত। এখন তারা তাদের স্মোক কন্টোলিং মেসিনকে তারা মোটেই কান্তে লাগার না এবং বেসব ওরাগনে করে করলা ঢেলে ফেলা হয় সেই ঘে'ষগ্লির উপরে জল মিলিয়ে দিত এবং তাতে মোরা উড়ত না—কিন্তু বর্তমানে জল মেশানোর ব্যবস্থা নেই। আমি মনে করি ইলেক্টিক সালাই করপোরেশনএর এটা করা উচিত এবং আমাদের সরকারের উচিত যে তাদের বাধ্য করা বে সাধারণ মান্বের জন্য তারা একটা ব্যবস্থা করবেন।

### Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় ডেপ্রটি স্পীকার, স্যার, আমি প্রথমে আমার বস্তুতার মধ্যে একটি সরকারী স্পনসর্ড কলেজ – সরোজিনী নাইড কলেজ সম্পর্কে দু-চার্রটি কথা বলতে চাই। স্যার, এই **কলেজের** মিনি প্রিন্সিপ্যাল, লতিকা ঘোষ, তিনি সরকারের বিশেষ কুপার পারী। এই ক**লে**জে ত**রি** অন্যান্যৰে লেক্চাবাৰ যাঁৱা আছেন এবং যাৱা ছান্তছান্ত্ৰী আছে তাৱা বিশেষ বিব্ৰুত তাঁৰ ব্যবহাৰে। তাঁর বিরুদ্ধে অধিক অপবায়, স্বজনপোষণ প্রভাত অভিযোগ আছে। আমি সেটা ধীরে ধীরে वर्लाष्ट्र এইজন্য যে এই কলেজের সংগ্রে আমাদের দুইজন মল্মীর কিছু কিছু যোগাযোগ আছে। শ্রীখগেন দাসগ্যুস্ত মহাশয়ের কন্যা এই কলেজের একজন অধ্যাপিকা এবং আমাদের শিক্ষামন্দ্রীর দুইজন নাতনি কলেজে পড়ে। এই লতিকা ঘোষের অত্যাচারে এখানকার লেকচাররা বিশেষ-ভাবে বিরত। ইউ জি সি-র নিয়ম অনুসাবে একজন অধ্যাপককে সবচেয়ে বেশি কাস দেওয়া। হয় সংতাহে ২৪ ঘণ্টা। কিল্ড এই কলেজে সংতাহে ২৪ ঘণ্টা কাজ করতে হবেই আরও ছয় ঘণ্টা বেশি কাজ করতে হয়। এ ছাডা তার উপর এঞ্জা কারিকলার ওয়া**র্ক দেও**য়া হয় **এবং তা** ছাড়া কতকগর্নি কাজ জোর করে চাপানো আছে। যেমন তাঁদের বলা হয়, ল্যাণ্ডিন, ল্যাবরে-টরিজ কলেজ বিল্ডিংস ইত্যাদি ঠিক্ষত পরিকার আছে কিনা তাঁদের দেখতে বলা হয় যে, ফার্নিচার বা অন্যান্য ফ্রিনিসের অ্যাকাউন্ট ঠিক আছে কিনা এ সমস্ত তাদের দেখতে হবে যদিও সেখানে আক্রাউন্টান্ট আছে। তাঁদের বাজারে গিয়ে ফার্নিচার কিনে আনতে হবে। কলেজে যে কোন উৎসব যদি হয় তা হলে তাদের জিনিসপত কিনে আনবার জনা দায়িছ দেওয়া হয়। যদি এটা কেউ অস্বীকার করেন তা হলে অধ্যাপিকা মহাশয়া বাইরের লোকের সামনে, বেয়ারাদের সামনে অধ্যাপকদের সংখ্য খারাপ বাবহার করেন। শুধু তাই নয়, ব্যক্তিগত চিঠি দেন **এই সম**স্ত অধ্যাপকদের নানান অভিযোগ দিয়ে। যেমন তিনি একজন অধ্যাপিকাকে লিখেছিলেন

you are making a farce of yourself

আর একজনকে লিখেছিলেন

have you ever gone to England?

যদিও তিনি জানেন যে, সেই ভদুমহিলা ইংল্যান্ডে ছিলেন। আর একজনকে লিখেছিলেন ইয়োর রেসপেক্ট অফ ট্র্থ ইজ আতিমিরেবল। চতুর্থ আর একজনকে লিখেছিলেন একথানি চিসি

After your marriage you have become negligent

এই রক্ম ধরণের ব্যক্তিগত আটোক করে তিনি চিঠি লেখেন অধ্যাপিকাদের। শুধ্য তাই নয়.
তিনি নিজে একজন স্থার আন্যুয়টেড—িতিনি একজন সরকাবের কুপার পারী বলে এখনও
আগেরেন্টমেন্ট এক্সটেনশন একটার পর একটা দেওয়া হচ্ছে। আমি এখানে শিক্ষাস্ম্ছান্ত্র—িয়
—িষিনি এখন অনুপস্থিত—তার দ্ভি আকর্ষণ করতে চাই। আর একটা ব্যাপারে এই কলেজের
বাস চালাতে বেশী থরচ হয় বলে সেই বাস বন্ধ করে দেওয়া হয়েছে ১৯৬২ সালের জনুন মাসে।
ভারপর ১৯৬২ সালের সেপ্টেম্বর মাসে ড্রাইভার রেখে আবার ভ্যান চালা, হয়ে হৈয়ে হৈয়ে বিলে।

[4-40-4-50 p.m.]

তার কারণ হচ্ছে আমাদের শিক্ষামন্দ্রী মহাশয়ের দ্কল নাতনী সেখানে পড়ছে এবং তারা সেখানে বাসে আসে বলে বাদিও বাস পরিচালনা করতে খরচ বেশি হচ্ছে, লোকসান হচ্ছে, তা সম্বেও সেটা তারা রাখছেন। আমি মনে করি সেগ্লি অন্যায়। এই ব্যাপারে এখানকার অধ্যাপিকারা সেশপর্কে ম্কামল্রীর দৃণ্টি আকর্ষণ করে বহু দরখাসত করেছেন। আজ পর্যস্ত তার সন্বন্ধে কোন আক্সান নেওয়া হয় নাই। আমি আলা করি এই কলেজ সম্পর্কে সর্বুকার বিশেষভাবে

बर्गिके मেবেন। এই অধ্যাপিকা (অধ্যক্ষা?) সংসারজ্ঞান্তরেটেড হরে পেছেন; তাঁকে কারদর এক্সটেনশন না দিরে ন্তন একজন অধ্যক্ষাকে প্রিন্সিপ্যালকে এনে কলেজ পরিচালনার স্বাক্ষা করবেন বলে আমি আশা করি।

আমাদের অর্থমন্দ্রী শব্দরদাস ব্যানাজি মহাশর জানেন পে-কমিটির রিপোর্ট বেরিরেছে ১৯৬১ সালের শেষে। এই পে-কমিটির রেকমেন্ডেশন ১৯৬২ সালের ফেব্রুয়ারির মধ্যে অ্যাক-সেপ্ট করার জন্য তারা বলেছেন। আজ পর্যাক্ত

West Bengal Deep Sea Fishing Board,

যেটা গছন মেণ্ট বোর্ড, তার স্টাফরা

West Bengal Government Servants

ভাদের বেতন সম্পর্কে এই পে-কমিটির রিপোর্টের সনুপারিশ এখনও পর্যন্ত এফেক্ট দেওরা হন্ধ নাই। শংকরদাসবাবন্ধ দরা করে যদি শোনেন--আপনার পে-কমিটির রিপোর্ট যা বেরিয়েছে সেই পে-কমিটির রিপোর্ট ওয়েন্ট বেরুলার তেওঁ পে সী ফিশিং বোর্ডে যে সমন্ত এমন্সারীজ আছে, তাদের ক্ষেত্রে এখনও পর্যন্ত এফেক্ট দেওরা হয় নাই। এর জন্য ১৯৬২ সালে একটা কমিটি তৈরী হয়েছিল। সেই কমিটি রিপোর্ট দিয়েছে ১৯৬২ সালের ডিসেম্বর মাসে। ১৯৬৩ সালের মার্চ শাস শেষ হতে চললো, এখনও তাদের বেতন ব্রিখ হয় নাই। আমি শংকরদাসবাবন্তে বলবো সে ফাইল আপনার দণ্ডরে পড়ে আছে, তাড়াতাড়ি সে ফাইলটা ডিসপোজ অফ কর্ন। পেকমিটির রেকমেন্ডেশন অন্যায়ী তারা সম্বর যাতে বেতন পান, সেদিকে একট্ দৃষ্টি তিনি দিন। তাছলে বাধিত হবো।

সাার, যেভাবে কিছ্বদিন আগে ভি-ভি-সি সন্বন্ধে অনেকগ্লো তথ্য এখানে পরিবেশন করেছিলাম, সংশ্লিভ মল্টীমহাশয় তার কিছ্ব কিছ্ব জবাব সেদিন দিয়েছিলেন, আর কিছ্ব কিছ্ব জবাব দেন নাই। একটা বিষয়ে সাার আপনার দৃণ্টি আকর্ষণ করিছে। আজ কাগজে দেখলাম ভি-ভি-সি-র চেয়ারম্যান এস লাল যার বিরুদ্ধে আমার বড় অভিযোগ ছিল, রিটায়ার করছেন। আগামী পয়লা এপ্রিল কেন্দ্রীয় প্ত বিভাগের সেক্টোরী সচদেব চেয়ারম্যান হিসেবে সেখানে নিয্ত হচ্ছেন। ভাল কথা। আমি মিল্টমহাশয়কে বলতে চাচ্ছি এই যে ভি-ভি-সি এর এখনও যিনি চেয়ারম্যান আছেন মিঃ লাল তিনি আগামী ২৯শে মার্চ একটা মিটিং ডেকেছেন এবং সেই মিটিং-এ তিনি ঠিক করেছেন যে এই পারসোনেল রিজ্কটমেন্ট-এর রাশ্বটি ডিলেন্টালাইজ করা হবে এবং বাংলাদেশ থেকে সেটা নিয়ে যাওয়া হবে। আমি মাননীয় মিল্টমহাশয়কে বলছি এই সময় যখন ডি-ভি-সি-র মধ্যে পরিবর্তন হচ্ছে তখন ২৯শে মার্চ রে মিটিং ডাকা হয়েছে সেখানে যেন কোন রক্ম ডিসেন্টালাইজেসন-এর কথা আলাপ আলোচনা না হয়। আমাদের ভয় হয়। যদিও অমাদের এ ডি খান সেখানে সান্ত বব্ লাল ও বিহারের রিপ্রেজনটেটিভ যিনি আছেন এই দ্বজনের মেজরিটীতে সেটা পাস করবার চেন্টা করবেন। মাননীয় মিল্টমহাশয় যেন সেদিকে দৃন্টি রাখেন।

সাধারণভাবে আলোচনা করতে উঠে এই আাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে আমার প্রথম বন্ধবা হছে এই যে বিগত ২০ বছরের মধ্যে আমাদের দেশে যেভাবে জিনিসপাত্রর দাম বিড়েছে তা আমি আপনার সামনে কিছুটা তুলে ধরছি। স্যার ১৯৩৯ সালের আগস্ট মাসে জিনিবপাত্রর দাম যদি ধরি ১০০ টাকা ছিল আজকে ১৯৬০ সালের জানুয়ারি মাসে সেটা বেড়ে হয়েছে ৪৭৪। এটা আমার হিসেশ নর। এ হছে বিখ্যাত অর্থনৈতিক পহিকা ক্যাপিটালের হিসেব। স্যার, আমাদের কেন্দ্রীয় সরকারের বাজেট পেশ হয়েছে। তার সঞ্চো আমাদের স্টেই বাজেটও পেশ করা হয়েছে। কেন্দ্রীয় বাজেটে ঘেভাবে কর নির্ধারণ করা হয়েছে তাতে অর্থনীতিবিকরা মনে করেন এই যে ৪৭৪ পয়েন্ট এটা বেড়ে পাঁচাশা সওয়া পাঁচশো হতে পারে। অর্থাই আমাদের নিন্দ্র-মধ্যবিত্তদের বায় শত্রুরা ১০ থেকে ১৫ ভাগ বেড়ে যেতে পারে। অর্থাই আমাদের নিন্দ্র-মধ্যবিত্তদের বায় শত্রুরা ১০ থেকে ১৫ ভাগ বেড়ে যেতে পারে। তার কাটি কার্মণ। এক হছে পরোক্ষ কর, আর একটা হছে মুদ্রাস্ফীতি। পরোক্ষ কর বিশেষভাবে আমাদের উপর চড়েছে এবং ১৫০ কোটি টাকার মত মুদ্রাস্ফীতি করা হছে তার ফলে ১৫০ কোটি টাকার মত ডেফিসিট ফাইন্যান্সিং হছে এবং যার ফলে বড় বড় অর্থনীতিবিদরা বলছেন মুদ্রাম্পীতি এমনভাবে দেখা দেবে যাতে আমাদের জাবন্ধারণের বায় নিন্দ্রেই বেড়ে বাবে। এর সংগে সংগে কন্দ্রীয় সরকারের আরও প্রতাক্ষ কর আছে। সামান্য নিন্দ্র মধ্যবিত্ত মান্ত্রের আরও প্রতাক্ষ কর আছে। সামান্য নিন্দ্র মধ্যবিত্ত মান্ত্রের অর্থ প্রবাদ্ধর প্রবাদ্ধন বায় নিন্দ্র মধ্যবিত্ত মান্ত্রের অর্থ প্রতাক্ষ কর আছে। সামান্য নিন্দ্র মধ্যবিত্ত মান্ত্রের এবং

ু মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের উপরে আমি সিলেক্ট কমিটির মেন্বার হিসাবে ২-১টা কথা বলব। এখানে বেসমঙ্গু মাননীয় সভাগণ বন্ধতা দিলেন তাঁরা কেউ হোমিওপার্যিক কার্ডিন্সলের সভা নন। হোমিওপ্যাধিক কাউন্সিলের ২ জন মেম্বার আমরা এখানে আছি—অবনীবাব, এবং আমি আছি। অবনীবাব মনোনীত সদস্য: আমি রেজিস্টার্ড ডাক্কারদের ভোটে নির্বাচিত সদস্য। কাজেই হোমিওপ্যাথি সম্বন্ধে আমাদের যতথানি আগ্রহ এবং গভর্নমেন্ট সমর্থন না হওয়ার জন্য কি অসুবিধায় পড়েছি তা আমরা যতটা উপলব্ধি করছি অন্যেরা ততখানি হয়ত উপলব্ধি করতে পারেন না। তবে আনন্দের বিষয় যে এখানে মাননীয় সদসাগণ সকলেই হোমিও-প্যাথি সন্বন্ধে বহু কথা বলেছেন এবং তাঁরা যে তাড়াতাড়ি এই আইন পাশ করতে চান এজনা আমরা সুখী হলাম। আমার কথা হচ্ছে যে বাংলাদেশে শতকরা ৮০ জন লোক হোমিওপ্যাথিতে চিকিৎসা করান। আমরা গ্রামাণ্ডলে দেখেছি বিভিন্ন বড় বড় বাঁরা ডাক্টার আছেন, শহরে বাঁরা বিভিন্ন সময়ে ম্যালোপ্যাথি চিকিৎসা গ্রহণ করেন বা চিকিৎসা করান তাঁদের বাড়িতেও হোমিও-প্যাথি চিকিৎসা হচ্ছে। অথচ অদুভের পরিহাস যে হোমিওপ্যাথি আজ পর্যন্ত আমাদের বাংলা-দেশে সরকারী সমর্থন পারান। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে স্টেট-এ হোমিওপ্যাথি সমর্থন পেরেছে। সেখানে হোমিওপ্যাথি সমপ্র্যারে চলছে। পাশ্চাতা দেশের মধ্যে আমরা দেখতে পাই কিম্বা বেসমুহত আধুনিক সভ্য দেশ বা বেসমুহত জাত আছে তাদের মধ্যে আমেরিকা. জার্মানী এবং বটেনে হোমিওপ্যাথিতে বথার্থ সমর্থন রয়েছে। অথচ আমরা বাংলাদেশে কিছ করে উঠতে পারছিলাম না। ভারতবর্ষের মধ্যে প্রথমে বাংলাদেশে হোমিওপ্যাথির উৎপত্তি হর বাং বাংগাদেশে ছোমিওপ্যাধির প্রসার বেশী হয়। এই বাংলাদেশে আমরা বহুদিন ধরে চেন্টা করে দেখলাম বাতে সরকারের কাছ থেকে আমরা সমর্থন পাই—তা পাইনি। এটা খুব আফলের কথা এবং আমরা মন্তিমহাশরকে খুব ধন্যবাদ দিছি যে তিনি আমাদের কাছে এই আইনটা এনেছেন। আইনের মধ্যে কিছু হুটি আছে, সেইসমস্ত হুটি আমরা সিলেক্ট কমিটিতে বসে ঠিক করব। কাজেই আমি আমার বন্ধদের বলছি যে আইনের হুটি নিয়ে বেশী আলোচনা না করে এটা সিলেক্ট কমিটির উপর ছেড়ে দিন এবং তারপর আমরা সমস্ত আলোচনা করব। এই কথা বলে আমি এই মোশান সমর্থন করে আমার বক্তুতা শেষ করছি।

#### The Hon'ble Dr. Prabodh Kumar Cuha:

মাননীয় স্পীকার সারে মাননীয় সভারা যেসমুহত কথা বলেছেন আমাদের যখন জয়েন্ট কমিটি চার তখন এই জিনিসগালি আমরা সমসত জয়েন্ট কমিটির কার্ছে দেব এবং তাঁরা এ বিষয়ে স্থিব করেনে কি করা উচিত, না উচিত। শুখু ২-৩টি পয়েন্টের আমার উত্তর দেওয়া উচিত সেজনা আমি ১-৩টি পয়েন্ট বলব। আমি বিশেষ দঃখের সংগা বলছি যে আমবা অনেক ভোবচিকের এর স্ক জ্যাল কমিটি করেছি তাতে কংগেস থেকে মান ১ জন এবং আমাদের অপজ্ঞিশন থেকে---১ট ছাটস থেকে ৫ জন নেওয়া হয়েছে। ৯ জন কংগ্রেস থেকে ৫ জন অপজিশন থেকে এবং পি এস পি-ব যিনি মেন্বার আছেন তিনিও হাউস থেকে কাউন্সিল থেকে অল রেডি ইলেকটেড হয়েছেন। সত্তবাং তা সত্তেও পি এস পি থেকে বিপ্রেলেনেটিভ নেওয়া হয়নি এটা বলতে আয়াব মনে দুঃখ দিয়েছে। কংগ্রেসের অনেক প্রাপা ছিল তা সত্তেও আমরা মাত্র ৯ জন কংগ্রেসকে নির্মেছ এবং অপজিশন পার্টি থেকে এই কমিটিতে মার ৫ জন নিয়েছি। নেম্বট পয়েন্ট নামনেটেড বডি পথন হয়। আমাদের মাননীয় বিজয়বাব যা বলছেন তাতে বলব যে যতগুলি মেডিক্যাল কাউন্সিল হোক য়ালোপ্যাথি হোক কবিবাজী হোক হোমিওপাাথি হোক নাসিং কাউন্সিল হোক ডেন্টাল কাউন্সিল হোক প্রথমে যে কোন আটে হয় তাতে প্রথমে যে কাউন্সিল হয় তা বরাবরই নমিনেটেড হয়। এই আসেশ্বলী থেকে যতগালি আরু করেছেন ১৯১৪ থেকে আপাততঃ সমস্ত্রগালির প্রথম বাডির সমস্ত মেন্বার নামনেটেড হয়। আমাদের অ্যাসেন্বলীর এই নিরম এটা আমি মনে কবিয়ে দিচ্চি এবং এই নমিনেটেড-এব সংখ্যা বেশী হবে। আমাদের আসেম্বলীতে আয়ুর্বেদ বিল যেটা পাশ হয়েছিল তার কিছু অদলবদল করে এর কুর্নাস্টটিউশন ঠিক করা হয়েছে এবং সেখানে অনেক নমিনেটেড মে<del>দ্</del>বার আছে। সেটাও আমাদের আসে**দ্বলী থেকে** পাশ হরেছিল। আর একটা কথা, মাননীয় সভা মুম, মহাশয় বলেছেন যে আয়ুবেদিক যাঁরা এখন আছেন তাঁদের সার্টিফিকেট দেবার ক্ষমতা নেই। এটা সত্য নয়। তাঁরা সার্টিফিকেট দিতে পারেন, তবে যাঁরা এমণ্লয়ার তাঁরা সেই সার্টিফিকেট দিলে যে তারা একসেপ্ট করবেন তা নর। এমন কি সব য়্যালোপ্যাথিক সাটিফিকেট সব এমপ্লয়ার একসেণ্ট করেন না। সেজনা সে বিষয়ে সরকারের দায়িত্ব একট, কম। যদি বলেন যে সরকারী অফিস নেয় না, তবে সে সম্বন্ধে আমরা সংবাদ নিতে পারি। (এ ভয়েসঃ কোর্ট যদি না নের?) প্ট্যাট্টেরী বডি সম্বন্ধে আমরা কিছ্ বলতে পারব না। কোর্ট সম্বন্ধেও আমরা কিছু বলতে পারব না। আমাদের সরকারী দণ্ডবের ক্লাস ফোর এমপ্লয়ীর ব্যাপারে একটা অর্ডার আছে বেপাল মেডিক্যাল কাউন্সিল বেমন হাজেন-প্যাথিক ভাক্তারদের জন্য যেরকম অর্ডার অন্যান্য আয়ুর্বেদ বা হোমওপ্যাথি হঙ্গে সেইরকম অর্ডার আছে। এ ছাড়া আমাদের সরকারের অন্য কোন দায়িত্ব নেই। কিন্ত কোর্ট নেবে কিনা কিন্বা অন্য কোন এমপ্সয়ার নেবে কিনা সেরকম দায়িত্ব আমাদের কিছু নেই। এর উপর আমার আর কিছু বলবার নেই—অনা মাননীয় সদসারা যা বলেছেন তা সবই আমরা জয়েন কমিটিব কাছে দেব।

The motion of the Hon'ble Dr. Prabodh Kumar Guha that this House concurs in the recommendation of the Legislative Council that the Legislative Assembly do join in the Joint Committee of the Houses on the Bill to provide for the development of the Homoeopathic system of medicine, to regulate the teaching and practice thereof and to deal with certain other

connected matters, introduced in the Council as the West Bengal Homoeopathic System of Medicine Bill, 1963, on the 2nd April, 1963, and resolves that the following Members of the Assembly be appointed to serve on the said Joint Committee, namely:—

- (1) Shri Bimalananda Tarkatirtha,
- (2) Dr. Narayan Chandra Ray,
- (3) Shri Asoke Krishna Dutta,
- (4) Shri Nikhil Das.
- (5) Shri Abani Kumar Basu.
- (6) Shri Amarendra Roy Prodhan,
- (7) Shri Ananga Mohan Das,
- (8) Sm. Santi Das.
- (9) Shri Abul Hashem, and
- (10) Dr. Prabodh Kumar Guha (mover).

was then put and agreed to.

#### Report of the Public Accounts Committee

#### Shr: Nepal Chandra Roy:

অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, আমি বলছি পার্বালক অ্যাকাউন্টস কমিটির রিপোর্ট যখন আমরা পাই নি, এর অ্যাপেনডিক্স যখন নেই, তখন আমি মনে করি এর ডিসকাসান এখন হতে পারে না।

#### Dr. Kanai Lal Bhattacharya;

স্যার, এর কোন অ্যাপেনডিক্স নেই, এ সত্ত্বেও সরকার পক্ষ থেকে যদি আলোচনা করতে রাজি থাকেন, তাহলে হতে পারে।

#### Mr. Speaker:

যখন আপেনডিক্স পান নি. তখন

With the permission of the House, I am adjourning this matter.

#### Adjournment

The House was then adjourned at 2-22 p.m. till 12 noon on Friday the 5th April, 1963, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Friday, the 5th April, 1963, at 12 noon.

#### Present:

Mr. Speaker (The Hon'ble Keshar Chandra Basu) in the Chair, 11 Hon'ble Ministers, 10 Hon'ble Ministers of State, 6 Deputy Ministers and 160 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

12-12-10 p.m.]

#### Anchals under Cangarampur police-station

- \*197. (Admitted question No. \*1167.) Shsi Mangla Kisku: ক্সায়ন্ত-শাসন ও পণ্ডায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--
  - ক) পশ্চিম দিনাজপরে জেলার অন্তর্গত গুণ্গারামপরে থানায় কতগ্রলি অঞ্জ আছে:
  - (খ) ইহা কি সত্য যে উক্ত থানার অন্তর্গত বেলবাড়ী ও স্থুখদেবপুর অঞ্চল প্রধান ও উপ-প্রধানদিগকে অপসারণের আদেশ দেওয়া হইয়াছিল: এবং
  - (গ) সত্য হইলে, ইহার কারণ কি?

## The Hon'ble Saila Kumar Mukherjee:

- (ক) দশটি।
- শ্ব) স্থাদেবপরে এবং বেলবাড়ী অঞ্চল পঞ্চারেতের প্রধান ও উপপ্রধান অপস্ত হইরাছেন। স্থাদেব অঞ্চল সম্পর্কে অপসারণের আদেশ দেওয়া হইয়াছিল; কিন্তু বেলবাড়ী অঞ্চল পঞ্চারেও সম্পর্কে কোন আদেশ দেওয়ার প্রয়োজন ২য় নাই।
- ) (গ) স্থদেবপরে অঞ্জ পঞ্চায়েতের অর্ধেকের বেশী এবং দুই-তৃতীয়াংশের সামান্য কম সদস্য উকু অঞ্জল পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানের বিরুদ্ধে অনাম্থা প্রমতাব পাস করায় এবং তাহাদের বিবৃদ্ধে রাজ্যবিবোধী কাষ্কিলাপের অভিযোগ থাকায় পশ্চিমবংগীয় পঞ্চায়েত আইনের ১৮ একং ১৮ ধাবা অন্সারে উকু প্রধান ও উপপ্রধানকে অপসার্ণের আদেশ দেওয়া হয়। কিক্তু বেল্বাড়ী অঞ্জ পঞ্চায়েতের ক্ষেত্রে দুই-তৃতীয়াংশেব অধিক সভ্য প্রধান ও উপপ্রধানের বিরুদ্ধে অনাম্থা প্রস্তাব পাস করায় পঞ্চায়েত আইনের উকু ধারা অনুসারে তাহারা অপস্ত হইয়াছেন।

#### Dr. Golam Yazdani:

এই যে বললেন স্থদেবপুরে এখনো অপসারিত হয় নাই, কিন্তু অপসারণের আদেশ দেওরা হয়েছে--কোন টাইম লিমিট দেওয়া হয়েছে কি যে এতদিনের মধ্যে তেকেট করে দেওয়া হবে?

#### The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি তো বললাম আইন হচ্ছে যেখানে ট্-থার্ড মেজরিটিতে পাস হয় না, সেখানে আশেশ সিওয়ার প্রয়োজন আছে। আর ষেখানে ট্-থার্ড মেজরিটিতে পাস হয়, সেখানে অটোমেটিক রিম,ভাল হয়। সেখানে অটোমেটিক হয়নি—ট্-থার্ড মেজরিটি হয়নি বলে আদেশ দেওয়া হয়েছে পশ্চায়েত আইন অনুসায়ে।

#### Dr. Golam Yazdani:

৭টা তো আমি বৃশতে পেরেছি—আমার সাধ্বিমেণ্টারী তা নত্ত, আমি জিল্পাসা করছি আটে মেটিক বেলবাড়ীতে হয়ে বাচ্ছে পণ্ডায়েত আইন অনুসারে; কিত্তু স্থাদেবপুত্রে তা হয় নাই আর তাত্ত ছর্পক্ষকে অন্দেশ দিতে হয়েছে, আমার প্রশান হজে কোন টাইম লিমিট করে দেওয়্
ইয়েছে কি যে এডিপিনের গতে পোনট ভাকোণ্ট করবে, চ জি হ্যান্ড ভার করে কিতে হবে;

### The Hon'ble Saila Kumar Mukheries:

না, তা দেওয়া হয় নাই।

### Dr. Golam Yazdani:

স্থদেব নুবে আদেশ দেওয়া হয়েছে, দেশদ্রোহীর অভিযোগ বরা হয়েছে। কিন্তু বেলবাড়ীতে কি কারণ দেখিয়ে নো-কনফিডেন্স মানা হয়েছিল ?

### The Hon'ble Saila Kumar Mukherjee:

তা জান্সনোর প্রক্রেন নাই জু-থার্ল নাজার্ডাইছে প্রসাহ হওয়ায় অটোমেটিক বি**মোভ্যাল** হরেছে।

### Realisation of loans from the refugees

- \*198. (Admitted question No \*1192) Shri Malananda Haldar: উম্বাস্কু বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুত্রহুপূর্বক জানাইবেন কি—
  - ক) নদীয়া জিলায় উম্বাস্ত্রগণের নিকট হইতে এয়াবত সার্টিফিকেট জারী ব্রায়া অলেছ
    কত টাকা আদায় হইয়াছে:
  - (শ) উহার মধ্যে কত টাকা শহরবাসী ও কত টাকা পল্লীবাসী উদ্বাহতুগণের **নিকট হইতে** আদায় হইয়াছে:
  - (গ) সরকার কি শহর ও পল্লীবাসাঁ অপারগ উদ্দাদতুগণের নিকট হইতে ঋণ আদার বন্ধ রাখিবার জনা ও সাটিফিকেট জারী তলিয়া লইবার জনা বিবেচনা করিতেছেন?

### The Hon'ble Abha Maiti:

- (ক) ১.৭৪.৮২৬ টাকা ৬৯ নহা প্রসা।
- (খ) শহরাণ্ডল হইতে ৯১.৬৬৯ টকা ৪৩ নয়া প্রসা; প্রশী-অণ্ডল হইতে ৮৩,১৫৭ টাকা ২৬ নয়া প্রসা।
- ্গ) না। তবে অসমর্থ উদ্বাস্তু থাতকগণকে অনর্থক বিব্রত করিবার কোন ইচ্ছা সরকারেই নাই এবং সেইমত নির্দেশ দেওরা আছে।

### Shri Birendra Narayan Ray:

সরকার কি জানেন জোর করে টাকা আদায় করা হচ্ছে?

#### The Hon'ble Abha Maiti:

না। এইবক্স কোন ঘটনার কথা আমার কাছে আসে নি।

### Messrs. India Foils Ltd. of Kamarhati

- \*199. (Admitted question No. \*1225.) Shri Copal Banerjee: Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—
  - (a) the number of workmen, supervisory and managerial staff on the roll of the factory of Messrs. India Foils Ltd., of Kamarhati on the eve of proclamation of emergency and the number of the same at present;

- (b) whether it is a fact that the said company has increased the price of the current tood-stuffs violating the tripartite agreement, and
- (c) whether the Government is aware that the management of the said Company discharged a number of apprentice workmen to their prejudice before the expiry of their term?

The Hon'ble Bijoy Singh Nanar: (a) The figures in October, 1962 were 827 permanent workmen, 50 Supervisory Staff and 16 Managerial Staff and oc 28th March, 1963, were 827 permanent workmen, 31 Supervisory Staff and 14 Managerial Staff.

- (b) The price of foodstuff was increased by 6 nP., from 51 nP. to 59 nP., but this is not in violation of any agreement.
- (c) There has been a reduction in the number of apprentices consequent on the fall in the Company's volume of business owing to non-availability of raw materials on account of cut in the Company's import license.

#### Dr. Kanai Lai Bhattacharya:

এই বে ফ্ড স্টাফের দাম আট নরা পরসা বাড়ান হল ক্যান্টিনএ, এ**র কারণটা কি? কোন** কারণ কোম্পানী দিয়েছেন কি?

### The Hon'ble Bilov Singh Nahar:

একটা এগ্রিমেন্ট ছিল কোম্পানী ও ইউনিয়নের সঙ্গে যে, এত দাম থাকবে। তারপর বশব জিনিসের মূল্য বৃদ্ধি হল, ওয়র্জাসদির মজ্বরী বৃদ্ধি হল, এরা যা রিপোর্ট আমাদের দিয়েছেন, তাতে আছে দাস বাড়নোর কথা হয়েছিল। কিন্তু, আগের এগ্রিমেন্ট থাকার দর্শ দাম বাড়ে নি। কোম্পানি আবার ঐ এগ্রিমেন্ট চাল্য করবার জন্য ইউনিয়নকে বলে, কিন্তু, ইউনিয়ন তাতে রাজী হল না। ১লা নভেম্বর ১৯৩২ সালে সেই এগ্রিমেন্টটা শেষ হয়ে গেল। তারপর কোম্পানি আবার ইউনিয়নক বলল, অপনারা এই কান্টিন চালান। তাতে ইউনিয়ন বাজী না হওয়ায় কন্টাক্টর নিয়ে চালাতে গেলে জিনিষের দাম বেশী পড়ে ৫৯ নয়া পয়সা। তারপর একটা রেট ঠিক হয় যে, ৪০: ৬০ বেসিসএ কোম্পানী এবং ওয়াকারদের দিতে হবো।

#### Br. Kanai La: Bhattacharva:

্রাপনি বলেছেন, ঐ এগ্রিমেন্টএর পিরিয়ন্ত নভেম্বর মাসে শেষ ২য়ে বায়। **এগ্রিমেন্ট** টার্মিনেট হয়ে বাবার পর, আইনত কোম্পানী ঐ এগ্রিমেন্টকে প্নেরায় চাল্ করবার জনা কোন নোটিস দিয়েছিলেন কি?

### The Hon'ble Biloy Singh Nahar:

সেটা আমার জানা নেই। তবে আমার **কাছে যে নোটটা ররেছে, তাতে দেখিছি—এগ্রিমেন্ট** টার্মিনেট হয়ে গিয়েছে।

### Dr. Kanai Lai Bhattacharya:

আর্পুন কি জানেন যে, কোম্পানি টার্যায়নেশন-এর নোটিস দেন নি এবং যার জন্য বলা হরেছে এটা কেঅাইনী হচ্ছে?

#### The Hon'ble Biloy Singh Nahar:

সেটা আমার জানা নেই।

### Rehabilitation of the refugees of Murshidabad district

•200. (Admitted question No. \*1226.) Shri Birendra Narayan Ray:
ভিদ্যাস্তু বিভাগের মাননীয় মন্তিমহালয় জন্মগ্রহপূর্বাক জানাইবেন কি--১৯৬১-৬২ সালে পূর্বা পাকিস্তানের দাপ্গাপীড়িত বে সকল উন্থাস্তু ব্যক্তি মন্ত্রিকারাদ জেলার আসিরা বাস করিতেছেন ভাইছেনরকে দাপ্তকারন্যে সূত্রে পুনবাসন দেওরার কোনও পরিকাশনা সরকারের আহে কি?

### The Hon'ble Abha Maiti:

পূর্ববংগ গোলযোগের দর্ন ১৯৬২ সালের এপ্রিল মাসের পরে যেসকল শরণার্থী মুর্শিদাবাদ জেলায় আসিয়াছিলেন তাঁহাদের দণ্ডকারণাে পঠাইবার কোন পরিকল্পনা ভারত শবদার কর্তক অদ্যাবধি গ্রীত হয় নাই।

### Shri Birendra Narayan Ray:

মালদহের এই শ্রেণীর উদ্বাস্তুকে দণ্ডকারণো পাঠানো হরেছিল। কিন্তু মুর্শিদাবাদের বেলায় এই রকম কোন পরিকল্পনা নেই কেন?

#### The Hon'ble Abha Maiti:

মাননীয় সদস্য বোধ হয় জানেন, যখন ১৯৬২ সালে এপ্রিল মে-তে রিফিউজিরা আসতে শ্রুর্ করেছিল, তখন আমরা ভারত সরকারের কাছে লিখেছিলাম, তাতে তাঁরা রিফিউজিনের রিহানিবিলটেশনএর জন্য ব্যবস্থা করেন। তখন জেলাওয়ারীর কথা ওঠে নি। সেই সময় মালদহ জেলা হতে রিফিউজির আসতে স্বুর্ করেন, ম্শিদাবাদ জেলা হতেও রিফিউজি আসতে স্বুর্ করেন, এবং সেই সময় যত সাঁওতাল রিফিউজিরা এসেছিল, তার এক অংশ ভারত সরকার দশ্তকারণো নিস্য়ে যাবেন, এই কথা তাঁরা বলেছিলেন এবং সেইমত তাঁদের সেখানে পাঠানো স্বেছিল।

### (12-10 to 12-20 p.m.)

**এবিংরেন্ড**রারাম্ব রায়ঃ এই সমস্ত উম্বাস্তুদের আপনারা ভারতীর নাগরিক বলে কি স্বীকার করেন?

Mr. Speaker: That does not arise.

শ্রীশৈলেনশ্রনাথ অধিকারী: মাননীয় মন্তিমহোদয়া বলবেন কি, এই উম্বাস্ত্ বারা এসেছে ফ্রিশিবাদ জেলায় তাদের সংখ্যা কত?

দি **জনারেবল আভা মাইতিঃ** ম<sub>্</sub>শিদাবাদ জেলায়, আমাদের কাছে যে হিসাব আছে, তাতে প্রার তিন হাজারের মত।

্রীট্রেন্ট্রন্ট্রেল্ **অধিকারীঃ** এই সংখ্যা কবে নাগাদ, অর্থাৎ কোন্ পর্যশ্ত, কোন্ তারিখ শ্বন্তি ?

দি অনারেবল আভা **মাইভিঃ** আমি তো বলেছি এখন পর্যন্ত, অর্থাং আপ টু ডেট।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: এই যে উদ্বাস্তু এসেছে তাদের পন্নর্বাসনের জন্য কোন ব্যবস্থা করা সম্ভব কিনা, এবং সম্ভব করতে গেলে কি কি করণীয় সে সম্বন্ধে চিস্তা করেছেন কিনা?

দি অনারেবল আছা মাইতি: আমি তো আগেই বলেছি এই উণ্বাদ্পু যারা এসেছে, আমাদের রক্লস যা রয়েছে, তাতে তাদের উদ্বাদ্পু বলে গ্রহণ করা হয় নি। এখন আমাদের দেশে যাতে কোন ব্যক্তি অনাহারে প্রাণ ত্যাগ না করে তার জন্য যে রকম ব্যবস্থা আছে, অর্থাং যদি কোন লোক এই রকম দ্বঃম্থ অবস্থার পড়ে তা হলে আমাদের জেলা ম্যাজিন্টেটকে বলা আছে বে, তাদের সাধারণ রিলিফের ভিতর দিয়ে খয়রাতি সাহায্য দেবার জন্য। তারাও সেখান থেকে পেতে পারে।

শ্রীনেপালচন্দ্র রায়: মাননীয় মন্তিমহোদয়া জানাবেন কি, মালদা জেলায় যেসব রেফিউজি এসেছে তাদের দশ্ডকারণো পাঠানো হচ্ছে। ম্বিশিদাবাদের লোকেরা যদি মালদা জেলায় আলে তা হলে দশ্ডকারণো নিয়ে যাওয়া হবে কিনা?

মিঃ **শ্পীকারঃ** দি কোরেণ্ডেন ইজ ভেগ, আর্পান সেপারেট কোরেণ্ডেন করুন।

শ্রীবার্টি এটাটেটে **রায়:** এই উশ্কর্ম আজ পর্যশ্ত কি রকম সাহাষ্য দেওয়া হয়েছে, ক্লিকি প্রকার সাহাষ্য দেওয়া হয়েছে? দি অনারেবল আডা নাইডিঃ আমি আগেই বলেছি, আমাদের জেলা কর্তৃপক্ষের কাছে
দ্বেস্থ লোকদের সাহায্য দেবার সাধারণভাবে যে বাবস্থা আছে সেই বাবস্থার ন্বারা এদের সাহায্য
করা যেতে পারে। আর এখন পর্যন্ত কি কি সাহায্য দেওয়া হরেছে তা যদি জানতে চান্
তা হলে নোটিশ চাই।

প্রীকাশীকাল্ড মৈতঃ মাননীয় মন্দ্রিমহোদয়া বলেছেন যে, এদের উল্যান্ত্র্বলে গণ্য করা হয় নি। এর কারণ কি, ভারতবর্ষের প্রধানমন্ত্রী আপনাদের চিঠি দিয়েছিল যে, এইভাবে এফ উল্যান্ত্র্ আসতে থাকে এবং তাদের যদি উল্যান্ত্র্ বলে গণ্য করা হয় তা হলে উই উইল সিল্ফ, আমরা ভবব?

ভি অনাৰেৰল আছা মাইছি: তা আমাৰ জানা নেই।

শ্রীকাশীকাশ্ত মৈতঃ এখানে ম্থামনতী উপস্থিত আছেন, তিনি কি অস্থীকার করতে পারের বে, ভারতের মাননীয় প্রধানমনতী এই ধরনের চিঠি লেখেন নি?

দি অনারেবল আভা মাইতিঃ আমি ংলেছি যে, আমরা এই রকম কিছু পাইনি।

শ্রীদৈলেন্দ্রনাথ অধিকারীঃ এই যে উন্ধাস্তু এসেছে তার মধ্যে অনেকেই বে সমন্ন রাজসাহী জেলায় ভীষণ দাংগা হয় সেই সময় সমসত কিছা হারিয়ে এবং জখম হয়ে এসেছিল এবং বাদের আর ফিরে যাওয়া সম্ভব নয় তাদের রিহানিবিলিটেশন বেনিফিট দেবার জন্য পশ্চিমবঙ্গা কেন্দ্রের কাছে দাবী পেশ করেছেন কিনা?

দি অনারেবল আভা মাইতিঃ আমি অংগেই বলেছি বধন উদ্বাস্ত্রা আসতে সূর্যু করেছিল তখন আমর। ভারত সরকারকে সমস্ত ঘটনা জানিয়েছিলাম এবং আপনারা জানেন--আমি আগেও এর সদ্বদ্ধে বলেছি--সাঁওতালদের কিছ্, অংশ দশ্ডকারণ্যে পাঠিয়েছি এবং তারা আরও কিছ্ পাঠাবার কথা বলেছিল এবং আমরা পাঠিয়েছিলাম।

শ্ৰীৰীরেম্পুনারায়ণ রায়: সাঁওতাল এবং সাধারণ উদ্বাস্তদের মধে। শ্রেণী বিভাগ করছেন কেন ?

দি অনারেবল আছা মাইভিঃ যথন দশ্ডকারণ্যে পাঠিরেছিলাম তথন সাঁওতাল রিফিউছিরাই এসেছিল।

### Shri Birendra Narayan Ray:

সাঁওতাল রিফিউজি এবং অনা রিফিউজি এই বলে আপনারা শ্রেণী বিম্পেষ বাড়িয়ে দিছেন কেন?

#### The Hon'ble Abha Maiti:

তথন সাঁওতাল রিফিউজি অসার কথা হয় এবং আপনারও দরেণ আ**ছে যে, সাঁওতাল** বিফিউ**জিট তথন এসেচিল।** 

### Shri Sailendra Nath Adhikary:

রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে দুটা ক্যাটিগরি ছিল একটা হছে।
এগ্রিফেউজি এসেছিল তাদেরকে ঠিক সেই জ্যাচিপরিতে না ফেলে সাওতাল এবং নন-সাওতাল বলে কি ফেলেছেন এবং এই ক্যাটিগরিকে
ভাগ করেছেন?

#### The Hon'ble Abha Maiti:

আমি আপনাকে ঘটনার কথাই বলোছ যে, সাঁওতাল ও নন-সাঁওতালের কোন প্রশন কোই।
বখন তারা আসতে শ্রেন্ করেছিল রাজসাহী জেলা থেকে সেই সাঁওতাল রিফিউজিরা
আসহিল এবং তারা মেনলি এ:গ্রিকালচারিস্ট্রন। সেজনা প্রস্তাব করেছিলাম এরা যখন এগ্রিস কালচারিস্ট্রন তদের বাতে দশ্চকারণ্যে নিয়ে গিয়ে বসতি করিয়ে দেওরা সম্ভব হর। তাতে
তাঁরা স্বীকারও করেছিলেন এবং একটা সংখ্যাও বেধে দিরেছিলেন। সেই সংখ্যক আমরা
পাঠিরেছি।

### 3hri Sailendra Nath Adhikary:

মামার দংশ হক্ষে সে ঘটনা তো ঘটেছিল। আপনারা যতটা ফেটপ নেবার নিরেছিলেন।
আনি বলছি তার পরে রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর যে ধারার ক্যটেগরিজেশন
হাশ মাদ্র আপনাবা এদেবকৈ বেনিফিট দেবার বিষয় যদি চিন্তাও করেন—এখন তো করছেন
না, যদি করেন তখন কি সে ধারার বিচার করবেন না? বর্তমানে সাওতাল যারা রয়ে গেছে,
তাপের আপনারা পশ্চিম বাংলার যেসমন্ত জমি আছে—যা দখলে এসেছে সেসমন্ত জমিতে
ভাদের পুনর্বাসন দেবার চেন্টা করবেন কিনা।

### Mr. Speaker:

भि: अधिकाती, योग वला ठटल ना आशीन वलान एक्टे गर्डन स्मार्टिक उद्रक थ्यार्टिक।

### The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে, ভারত সরকারকে সমস্ত ঘটনা জ্বানিরেছি তাঁরা যেভাবে নির্দেশ জেনে সেরপে হবে।

### Shri Kashi Kanta Maitra:

মাননীয়া মল্মিমহাশয়া বললেন বে. ভারত সরকারকে জানিরেছিলেন, বে উন্থাস্তুরা এসেছে মালদহ ও দিনাজপুর থেকে। আমি জিল্ঞাসা করছি তাঁর কাছ থেকে এইরকম একটা নিউটাল ক্যান্ত জানা ছাড়া তাঁরা কি পশ্চিমবর্গণ সরকারের পক্ষ থেকে ভারত সরকারকে দাবী জানিয়েছেন যে, এই পরিমাণ উন্থাসতু এসেছে। সে উন্থাসতুদের হিসাব গণ্য করে আনের প্রন্থাসন সে এমা প্রেক।

### The Hon'his Abbs Maiti:

আমি আগেই বলেছি বে, প্রথম যখন আসতে আরম্ভ করেছিল তা ভারত সরকারকে জানিরেছি এবং তারা তাগের সিম্পান্ত জানিরেছিলেন। এবটা সংখ্যা তাঁবা জানিরেছিলেন বে, এদের উস্বাস্ত্র হিসাবে গণ্য করে দন্দকারণো পাঠানের জন্য। এগ্রিকারচারিকাই যারা ভারের সেখানে বসতি দেওরা থেতে পারে। তাঁরা আমাদের যা থেলিরেছেন তাই আপনাংক্ত জানিরেছি এবং এখনও যাঁরা মারে মারে আস্বাসন আমরা ভারত সরকারকে তা জানাছি।

#### Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্তিসহাশয়। আমার প্রশ্নটা এডিয়ে যাচ্ছেন, আমর। আপনার বন্ধবাটা খ্রেছি।

ভামরা আপনার কাছ থেকে জানতে চেয়েছি এই যে তিন হাজার উন্বাহতু পরিবার পন্চিমবশ্বে

দিনাজপুর মুশিদাবাদে এসে উপপিষত হয়েছেন, এদের উন্বাহতু হিসাবে গণ্য করে প্নেবাসন

দেওয়া হোড় এই স্কর্মের এটাও সবকারের কাছে পশ্চিমবংগ স্বেকারের প্নেবাসন দেওর তর্ম্ব

থেকে কোন দানি কালো ব্যেছে কিনা, জানানো হলে তার কারণ কি?

### The Hon'ble Prafuils Chandra Sen:

এই সমস্ত যারা আনছে—বর্তমানে তারা কোনপ্রকাব কাগজপত্র ডকুমেন্টস নিয়ে আনছে না। কাজে কাজেই রিয়াবিলিটেশন বা রিলিফএর কোন পায়িব নিতে পারি না।

#### Shri Kashi Kanta Maitra:

মাননীর মুখ্যমন্ত্রী মহাশয় যেকথা বললেন, তিনি বোধ হয় জানেন না তে. যে অবস্থায় ভারা চলে আসছে, একটা সাম্প্রদায়িক হানাহানি বা দাখ্যা চলে আসছে সে অবস্থায় কি করে তাবা ও ধানেন উণ্যালে কেক্সেন্ট্র অন্তর্গেন —আনো চাকা ধ্যেকে সেসব ডক্সমন্ট্র আন্তর্গেন করেছন।

#### The Hon'bla Prafulla Chandra Sen:

তীরা আফাদের ডেপট্ট হাট কম্মিশনারএর কাছে নিশ্চরই ফোড পাকেন এবং টাডেল ডকুন -ফেল্টস যদি না আনে জোন দেশের পালে এরকমভাবে অঢেল রিহারিবিলটোলন বা রিলিফ বেওরা সম্ভব নর।

#### Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্দিমহাশায়ের কি জানা আছে বে, তিব্বত থেকে যেসমঙ্গত উদ্বাস্ত্র এসেছিল জাদের কাছে খ্রীভেল উকুমেন্টস ছিল না। তা সত্ত্বে তাদের পনুবর্ণাসনের জনা ভারত সর-কারের কাছে দাবি জানানো হয়েছিল।

#### The Hon'hie Prafuils Chandre Sen:

জন্মন পাসপোর্ট সিস্টেম ছিল না।

#### Shri Kashi Kanta Maitra:

মাননীয় মুখামন্ত্রী বললেন যে, তাদের ট্রাভেল ডকুমেন্টস নেই। আপনাদের তরফ থেকে তাদের কাছে একথা জিল্জানা করিছিলেন? ভেরিফাই করবার চেষ্টা করেছিলেন এবং নিজেকে স্যাটিসফাই করবার চেষ্টা করেছিলেন কিনা যে, কি কারণে তাঁরা ট্রাভেল ডকুমেন্টস আনভে পরেন নি?

### The Hon'ble Prafulla Chandra Sen:

না, তাদের কাছে জিপ্তাসা করে সব সময় সঠিক উত্তর পাওৱা ঘার মা।

#### Shri Kashi Kanta Maitra:

তাদের রিহ্যাবিলিটেশন বেলিফিট দেবার কেন চেটা হবে কি?

### The Hon'ble Prafulla Chandra Sen:

না, তাদের রিহ্যাবিলিটেশন র্বোনফিট দেবার কোন প্রশন উঠে না।

### Rehabilitation of the refugees of Malda district

\*201. (Admitted question No. \*1247) Dr. Colam Yazdani: Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state.

- (a) total number of people who crossed Indo-Pakistan Border along Malda District and entered Molda District as refugees in 1962;
- (b) how many of these people have been rehabilitated in Dural duranya and other places;
- (c) whether any of such persons has returned to East Kak stan; and
- (d) if so, the number of those who have returned to East Pakistan?

#### 12-20-12-30 p.m.1

### The Hon'ble Abha Maiti:

- (a) 50,858
- (বি) ১.০০৮
- (সি) আমাদের জনা না**ই**।
- (ভি) আয়াদের জানা নাই।

#### Dr. Colam Yazdani:

দশ হাজারের মধ্যে এক হাজার পাঠিয়েছেন, কতবা'র পাঠিয়েছেন?

### The Hon'ble Abha Maiti:

আমরা একসংগ্র এক হাজার আউজনকে পাঠাতে পারি নি, তিনবারে ঐ সংখ্যা পাঠিরে**ছি।** 

### Dr. Golam Yazdani:

প্রথম পর্বায়ে কতন্তন গিরেছিল ?

#### The Hon'hie Abha Maiti:

এই তথ্য আমার কাছে নেই, আপনি জানতে চাইলে আমি পরে জানাতে পারব।

#### Dr. Colam Yazdani:

বাকি কোথায় গিয়েছে, ইস্ট পাকিস্তান গিয়েছে কি অন্য কোথাও গিয়েছে ভেরিফাই করেছেন্∳ কিনা?

#### The Hon'ble Abha Maiti:

কোথার গিয়েছে আমবা জানি না।

#### Dr. Colem Yazdani:

মালদহ জেলায় নিজের গ্রুপ বাই গ্রুপ বসবার চেন্টা করছে, এটা কি জানেন তাদের সংখ্যা নির্ধারণের কোন চেন্টা করেছেন?

#### The Hon'ble Abha Maiti:

তারা স্ক্যাটার্ড ওয়েতে কোথায় রয়েছে জানি না।

#### Dr. Colam Yazdani:

এরকম কোন জায়গা থেকে কোন লোক এসে আপনাদের জানিয়েছে কিনা রিফিউঞ্জিরা এসে বসেছে, তাদের ব্যবস্থা করা দরকার?

#### The Hon'ble Abha Maiti:

আমার জানা নাই।

### Water-supply to Baidyabati Municipality

- \*202. (Admitted question No. \*1264.) Shri Girija Bhusan Mukherjeet Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—
  - (a) whether Bardyabati Municipality has been included within the Metropolitan Water Board; and
  - (b) if so, when the water-supply arrangement is going to be made in the said Municipal area?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Water-supply scheme of Baidyahati Municipality has been included in the Emergency Water Supply Scheme of the Calcutta Metropolitan District as drawn up by the Calcutta Metropolitan Planning Corporation.

(b) All the water-supply schemes of the Calcutta Metropolitan District including the scheme for water-supply of Baidyabati Municipality have been forwarded to the Planning Commission, Government of India, for their approval. The scheme will be taken up for execution by the West Bengal Development Corporation as soon after the approval of the Planning Commission as possible.

#### Shri Somnath Lahiri:

কবে পাঠিয়েছেন স্প্যানিং কমিশনের কাছে?

#### The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে এখানে কোন তারিখ নাই।

### Dr. Kanai Lal Bhattacharya:

বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটি ওয়াটার স্কীম কি ডিপ সিন্দিং টিউবওরেল?

#### The Hon'ble Prafulla Chandra Sen:

ডিটেলস আমার কাছে নাই।

### Dr. Kanai Lal Bhattacharya:

এর মধ্যে কোন টেম্পোরারি রিলিফ দেবার কোন স্কীয় আছে কিনা?

### The Hon'ble Prafulla Chandra Sen:

টেলেপাবাবি বিলিফ দেওয়া সম্ভব নয়।

### Crievances against the Board of Directors of "Amrita Bazar Patrika"

\*203. (Admitted question No. \*1097.) Shri Kashi Kanta Maitra; Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

- (a) whether the Government is aware that India Journalists Association, Calcutta, made serious grievances against the Board of Directors of "Amrita Bazar Patrilia"—a leading English newspaper of Calcutta—about the non-implementation of laws and rules including the provision of Working Journalists Act, Standing Order, Employees Provident Fund Act and Schemes and Compulsory Notification of Vacancies Act, etc.; and
- (b) if so, what action has so far been taken to protect the Journalist working in the said newspaper establishment?

The Hon'ble Bijoy Singh Nahar: (a) Indian Journalists' Association, Calcutta, made allegatious against the management of the "Amrita Bazar Patrika" about non-implementation of the Working Journalists (Conditions of Service) and Miscellaneous Provisions Act and the Rules made thereunder the Working Journalists (Fixation of Rates of Wages) Act, and irregularities in the administration of the Provident Fund of the establishmennt.

(b) On enquiry the allegations were not substantiated and no further action was, therefore, considered necessary.

Shri Kashi Kanta Maitra: Will the Ilon'ble Minister be pleased to state if ever since 1951 the annual accounts and audited balance-sheets of the newspaper concerned were supplied to the employees till to-day?

# The Hon'ble Bijoy Singh Nahar:

পেয়েছে কিনা আমার জানা নাই, নোটিস দিলে বলতে পারি।

#### Ahri Kashi Kanta Maitra:

একটা জিনিস আমরা বার বার বলছি আমি স্টারড কোয়েন্টেন করেছি সেকেন্ড কোয়েন্টেন করাও একটা নিয়ম ও ফর্ম আছে, সেটা আমি জানি—য ই হোক, আমি জিজ্ঞাসা করছি যে, ১৯৫৬ দাল থেকে আজ পর্যন্ত ওরার্কিং জার্নালিস্টনের প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে অম তবাজার পত্রিকার অভিটেড ব্যালান্স শীট অ্যান্ড অ্যান্রাল স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টস দেওরা হয়েছে কিনা?

#### Mr. Speaker:

উনি তো বললেন, নোটিস দিলে বলতে পারেন, how can be collect the answer?

#### Shri Kashi Kanta Maitra:

আমি জিল্পাস কর্মছ এই যে আলিগেশনস এগালি স্বেস্ট্রনিস্থাটেড হয়েছে?

The allegations were not sub-tantiated and that was found on enquiry. I am asking him on what basis is the Hon'ble Member making the statement that the allegations could not be substantiated? What was the ractive of the enquiry, when was it held and by whom?

### The Hon'ble Bijoy Singh Nahar:

এনকোয়ারি করা হয়েছে, যখন আমরা পেলাম ইন্ডিয়ান জ্ঞানালিস্টস অ্যাসোসিয়েশন খেকে কমপেন্ট, তখন আমাদের লেবার ডিপার্টমেন্ট এনকোয়ারি করেছেন এবং আমরা লক্ষ্য করে দেখেছি তারা যেসমস্তা পরেন্ট দিরোছলেন কমপ্লেন্টএর সেগ্রালির ভিত্তি ছিল না—প্রত্যেকটা মিলিয়ে দেখা হয়েছে।

#### Shti Kashi Kanta Maitra:

ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনএর পক্ষ থেকে স্টেট লেবার আ্যাডভাইর্সার বোর্ড এর কাছে যে রিপ্রেজেন্টেশন দিয়েছিলেন ঐ পরিকার ম্যানেজমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, ইলেকশন এবং ইররেগ্র্লারিটি—এইরকম কতকগর্বাল ব্যাপার নিয়ে রিপ্রেজেন্টেশন দেবার পর আজ পর্যাত্ত ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশন, ক্যালকাটা ইউনিট, তাঁদের কাছ থেকে কোন বন্ধব্য জেনেছেন এবং জানলে করে জেনেছেন এবং জানলে করে জেনছেন

### The Hon'ble Bijoy Singh Nahar:

আমার প্রে যিনি শ্রমমন্ত্রী ছিলেন তিনি তাঁদের সংগে দেখা করেছেন, থালোচনা করেছেন, **ফাইল**এ এটা ব্যেছে।

#### Shri Kashi Kanta Maitra:

ভার এটা জানা আছে তিনা, ১৯৪১।৪৭।৪৯।৫১।৭২—এই পাঁচ বংসর ধরে Employees' contribution to the Provident Fund of employees পতিকার তরফ থেকে এক নয়া প্রফান্ত দেওয়া হয় নি ?

### The Hon'ble Bijoy Singh Nahar:

জামি অত ভিত্তিলস, কোন্ বছরে কি দেওয়া হলেছে বলতে পারং না, তবে আমি একটা ফিলার দিতে পারি-নাননীয় ালেছে নহেণ্য়ে, পর্যানানে যা পজিসন, আন্তবাজার পাঁৱকা ৬ লক্ষ ১৭ হাজার ৩৯ টাকা ৩৮ নয়া পয়সা গভনামেন্ট সিকিউরিটিতে ইনভেন্ট করে রেখেছেন, এবং তাঁদের কাজে কর্মচারীদের ৩৮ হাজার ৪৮৬ টাকা ৪৯ নরা প্রসা প্রতিভেন্ট ফাল্ড পাওনা আছে, এই সমুহতই মিলিয়ে নেওয়া হ্য়েছে।

#### Shri Kashi Kanta Maitra:

আশা করি, তাঁর এটা জানা আছে যে ১৯৫৬ সালের ৩১শে ডিসেন্বর তারিথে এমন্দরিক্ত প্রভিডেট ফান্ড আরু, ১৯৫২ নিউজপেগার এস্টারিন্নমেন্ট-এ আন্ধাই করা হয়, ৩১এ ডিসেন্টর ১৯৫৬, নোটিফিকেশন করে দেওয়া হয়েছে। ১৯৫৭ সালে চার্টার্ড আরুউন্টান্ট, বার্টালিবয় আন্ড কোং, অম্তবানার পাঁহুকা অভিট করে ২লেছেন ১ লক্ষ ৫৭ হাজার ৫৪৯-১২ নয়া প্রসা তাঁকের এমান্টিফে কন্টিরিউনন ট্ দি প্রতিডেট ফান্ডএ দেনা, এটা কি আপনার জানা আছে? বার্টালিবয় রিপোর্ট হাজ

Non-realisation of Rs. 1.57.594.12 due from "Messrs. Amrita Bazar Patrika Ltd." in respect of employers' contribution for 1957 of Rs. 1.34.828.69 and the employees' subscription polymers to millers and interest thereon Rs. 13.154.59, is in contravention of rule 19 and has thereby deprived members of the interest which could have been earned if the amount had been realised and invested in time.

### The Hon'ble Biloy Singh Nahar:

তিনি যেটা এখন বললেন, তা কোয়েণেচম-এর মধ্যে ছেল না, তিনি যদি চান, আমি এই সিলার অনুস্কেশ্যন করব।

#### Shri Kashi Kanta Maitra:

এই ধরনের উত্তর যদি দেন উনি--আমি তাঁকে বিনরের সঙ্গে বলছি, এটা স্টারজ্ কোছেশ্রেন-এব অস্তর্ভন্তি।

### Mr. Speaker:

আপনার কোরেশ্চেনটা তাঁর জানা ছিল না হাউস বসার আগে---

#### Shri Kashi Kanta Maitra:

সাবে এরকম হলে আমরা অসহার

[12.30--12-40 p.m.]

শ্রীকাশীকাশত মৈতঃ আমি অভানত তিনয়েঃ সংশ্বে আনুরোধ করতি যে, গ্রারণ কোরেশ্চন এটা আমাদের একটা ভানেনুরেবল রাউট আপনি আনেন যে, আমারা স্টারত জোনাশ্চেন করলে সালিনেন্টের করি—ভারদার ইনফর্মেশন এলিসিট করতে পারি। আপনি আমার প্রশ্ন যদি পড়েন তা হলে দেখনেন প্রভিডেন্ট ফাড সম্বন্ধে বলা আছে, ফাইনেন্সিয়াল ইবরেগ্লোরিটিজ সম্বন্ধে নলা আছে। উনি নিজে এতদ্রে বলালেন সা আম্বান্ত সাক্ষানিস্যান্ত না এটা এনকোয়ারি করে জেনেছি। আমি বলছি আপনি যখন এনকোয়ারি করেছেন তথন এগালি ভানা আছে কিনা —উনি যদি বলেন যে, এ প্রশন্ন থেকে এ প্রশন আমে না তা হলে স্টারত কোয়েন্টেনের নানে হয় না।

ক্ষঃ **স্পীকার:** উনি গোড়ায় বলেছিলেন যে, ৬ লক্ষ টাফার সিকিটবিটি ক্ষমা আছে---১৯৬২ সালের রোলেণ সীটে তার উদ্যার বললেন যে,

Butliboi has said something

উনি বল্লোন যে, অকার জানা নেই, অনিম খোঁজ করে দেখা। পাছি a.d.l. think the a testion has been rightly answered

ীকাশকিকে সৈতঃ উনি লা া সাকটা দিলেন যে, মানক লাভ নকা দায়া আয়ে That has not it, and the The Unable Milister Ceted certical attwents but I id not not it to their information on the separate. I wante, to know.

शि: क्ष्मीकात : राजाक कोएं विकाद ता थाकरत स्रोत क्लातन कि काउ ?

Shri Kashi Kanta Maitra: Sir, my question was if in respect of certain years the Employees Provide a Fund has made available to the employees If the How'the Million says that it is not known to him. I can understand their little little is not shown to him, I can understand their little little says that the apertion does not arise, then the only madeapable implication is that the Hon'ble Minister wants to avoid the question and the reason is obvious.

দি অনারেবল বিজয় সিং নাহারঃ মাননার সদস্য পর্নরার বলছেন যে, আমি নাকি অ্যাভয়েছ করবার চেন্টা করছি—আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, মাননীর সদস্য যখন প্রশন করেন এখন প্রশেনর মধ্যে আরও ডিটেলস ফিগার যদি চান—যে, অমূক অমূক নিন্দার কি হয়েছিল ভাতাল নিন্দারই উত্তরে দেওৱা সদ্ভাব হয়ে, কিন্তু যদি এখানে এনে অন্য মোগার প্রেক্ত নাজ নিলে এটা পড়েন তার ফিগারসগালি কি হারেছিল ভাতালে আমার জানা মান্ডা না এবং কোনেছেলের মধ্যে না থাকে তা হলে আমার প্রেক্ত বলা সম্ভাব হর না। সেজন্য এইরক্স রিমাক্রি বলি করেন তা হলে ভাল হয়।

নিঃ স্পীকারঃ সাগ্লিমেন্টারিতে সব সময় সব বলা চলে না। আর একটা কথা, উনি যেটা বলেছেন প্রভিডেন্ট ফান্ড ম্যাটারে টাকা দেওটা নিয়ে কোন ইররেগ্রারিটি হয়েছে কিনা—আপনার জানা আছে কিনা—

That is the whole theme of this supplementary.

विमें काना आह्य किना वनाता देश हारा-अर्था ७ नक मेका मन्दर्भ काना आह्य किना।

দি অনারেবল বিজয় সিং নাহার: এটা আমি পরিব্দারভাবে বলেছিলাম যে, এ জিনিসটা আনার জানা নেই, তার মধ্যে উনি যে টাকার কথা বললেন সে সম্বশ্যে আমার যেট্কু জানা আছে সেসব বললাম। প্রশন বথন করা হয় তখন ইনফরমেশন নেবার জন্যই করা হয়। আর ওশ্ব খদি জানা থাকে তা হলে প্রশন করাব কোন দরকাব হয় না।

মিঃ **॰গীকারঃ এখন যে**টা জানা নেই সেটা অনেকবার বলেন নি। আপনি বলেছেন, ৬ **লক্ষ** না কত টাকা জমা আছে- আপনার ভানা নেই বললেই হত।

দি জনারেবল বিজয় সিং নাহার: আমি বলোছলাম, উনি হয়ত শোনেন নি বে, এটা আমার জানা নেই—এটা বোধ হয় উনি শোনেন নি।

শ্রীকাশীকাল্ড নৈর: অন এ পরেন্ট অব ক্লানিফিকেশন সনর, মাননীয় সদস্যরা ধখন প্রশন তাঁরা ডিটেলস এবং পার্টিকুলার যখন দেন ও'র বোধ হয় জানা অহেছ যে, নৃত্ন আইন বা আছে তাতে যদি কোন প্রশেনর মধ্যে পার্টিকুলারস স্ট্রাটসটিকস এই সব যদি চাওয়া হয় ভা হলে

That question is treated as an unstarred question and if that question is treated as unstarred question, honourable members are deprived of their very valuable rights of putting supplementaries. He should know that.

শ্রীমতি বিভা মিত্তঃ আমি জিল্ঞাসা করছি যে, ও'দর কোন ওয়েজ বোর্ড' আছে কিনা?

দি অনারেবল বিজয় সিং দাহার: কোন পার্চিকুলার ম্যানেজমেন্টের জনা ওয়েজ বার্ড হর না—সমস্ত জার্নালিস্টদের জন্য ওয়েজ বোর্ডের ব্যবস্থা আছে।

ইন্দেই দেবের কমিশনার এনকোয়ারি করে যে একটা রিপোর্ট দিরেছেন সেই রিপোর্ট না ইন্ডিয়ান জার্নাজিস্ট আসোসিয়েশনের কাছে পাঠাবার অ্যাসিওরেন্স মন্দ্রিমহাশর কি দেবেন যেহেতু তারা আপনার কাছে বিচারের জন্য একটা আবেদন জানিয়েছেন।

দি অনারেকে বিজয় সিং নাহার: ইন্ডিয়ান জার্নালিক্টস অ্যাসোসিয়েশন বাদও এর জন্য আমার কাছে আবেদন জানান নি, তবে তাঁরা বাদি এর জন্য চিঠি দেন তাহলে নিশ্চয়ই বিবেচনা করে দেখব।

শ্রীরে এটির বিশ্বর প্রতিতেশ্ট ফাল্ডের ব্যাপার নিরে যে অভিযোগ এসেছিল সেই প্রতিভেট ফাল্ডের ইলেকশন বখন হয় তখন কর্নফিডেলিসরাল অ্যাসিস্টাল্ট যিনি অমৃত্বাঞ্জার পিঁটকার প্রিন্টার এবং পাবলিশার তিনি সেই ইলেকশনএর রিটার্নিং অফিসার হন কিনা?

The Hon'ble Sankardas Banerji: I will answer to that question.

Shri Kashi Kanta Maitra: Don't be over zealous to my question.

The Hon'ble Sankardas Banerji: I hope Mr. Maitra will not in his usual way, make personal remarks. I would appeal to him that he should not do it.

Shri Kashi Kanta Maitra: I have not made any personal remarks. That is a legitimate expression.

The Hon'ble Sankardas Banerii: That is a personal remark.

শ্রীকাশীকাল্ড মৈর: আমি জানাতে চাই, বিনি কর্নাস্কৃত্যালয়র অ্যাসিল্টাল্ট কর্মার্স আল্ড ইল্ডালিট্র ডিপার্টমেল্টের এবং সেই সঙ্গো সঙ্গো যিনি অম্তবাজার পরিকার প্রিলটার এবং পাব-রিশার তিনি কি প্রভিডেল্ট ফাল্ডের ইলেকশনের সময় রিটানিং অফিসার ছিলেন?

कि अनादबक विकास निश् नाष्ट्राबः दिल्लीनिश अधिकादद्वद्व नाम आमाद्र काना स्नरे।

শ্রীলৈনে আধিকারীঃ আপনি বললেন যে, ৬ লক্ষ টাকার উপর সিকিউরিটি জমা রাখা হয়েছে—এই টাকা কবে রাখা হয়েছে, কোন্ তারিখে, সেটা জানাবেন কি?

দি অনারেবল বিজয় সিং নাছারঃ কোন্ তারিখে জমা হয়েছে বলতে পারব না, তবে আমার কাছে মার্চের শেষের দিকে ২১ তারিখ পর্যশত যে রিপোর্ট আছে তাতে গভর্নমেন্ট সিকিউ-রিটিতে এত টাকা আছে সেটা জেনেছি।

শ্রীদৈলেন অধিকারীঃ তা হলে আমি যদি প্রশ্ন করি এটা আপনাকে জানানো হরেছে সেই সময় জমা দিয়ে এবং এই কোয়েশ্চেনটা পাবার পর থেকে তা হলে কি আপনি সেটা কন্মীডিট করবেন ?

Mr. Speaker: That is hypothetical question. That question does not arise

শ্রীকাশীকাল্ড সৈত্তঃ মাননীর প্রমমন্ত্রী মহাশর কি এইট্রুকু আাসিওরেলন দেবেন বেকখা আমি আগেই বলেছি, ১৯৪৪, ১৯৪৭, ১৯৪৯, ১৯৫১, ১৯৫২—এই পাঁচ বছরে এমন্তারার্স কন্মিনিউলন আদৌ এক পরসা দেওরা হয় নি—সে বিষয়ে তদক্ত করে দেখবেন কিনা এবং আমাদের এই আ্যাসিওরেল্স দেবেন কিনা বে, বদি তারা টাকা না দিরে থাকেন তাহলে এমন্তারিজ প্রভিডেন্ট ফাল্ডের অ্যাক্টের সেকসন ১৭-র প্রভিসন অন্যায়ী পানিশমেন্টের জন্য সেই বক্ষ পেনালে একশন নেবেন কিনা?

দি অনারেবল বিজয় সিং নাছার: আমাকে যদি আপনি নোটিস দেন তা হলে দেশব এবং এখানে যদি ডিটেলসগ্লি লিখে দেন তা হলে সেগ্লি তদস্তসাপেক হলে কি ব্যিক্ষা গ্রহণ করা হবে তা জানাব।

শ্রীকাশীকাল্ড লৈত্তঃ কালোদেশের অন্যান্য সংবাদপতে বেখানে প্রভিডেন্ট ফাল্ডের ইরছে-গ্লারিটি হলে সেখানে পেনাল আ্যাকশন নেওয়া হয়েছে অথচ এক্ষেত্রে পেনাল আ্যাকশন নেওয়া হল না—এইরকম ধরনের ডিসক্রিমিনেটরি অ্যাচিচ্ডের কারণ কি।

ছিঃ স্পীকার: এই কোরেশ্চেনটা এখন আারাইজ করে না—আপনি আগের সাম্পিমেন্টারিতে কতকগ্লো বছর বললেন, এগালি এনকোরারি করে দেখলে উলটো হলে দেবেন কিনা—তারপর এই কোরেশ্চেন কি করে আসে।

শ্রীশৈলেন অধিকারী: ক্যালকাটা ইন্ডিয়ান জ্ঞানালিস্ট আালোসিয়েশন একটা রেসপ্রনাসবল বিডি এবং তাঁদের কাছ থেকে যখন গ্রিভাস্স আপনার কাছে এল তখন যে এনকোরারি হয়েছিল সেই এনকোয়াসিতে তাঁদের বক্তবা পেশ করার স্যোগ দেওরা হয়েছিল কিনা?

দি অনারেবল বিজয় সিং নাহার: এনকোয়ারি পয়েলে যেসব বিষয় ছিল সেগনুলি সব এন-কোরারি করা হরেছে এবং তাদের না ডেকে বিনি এনকোরারি করেন—প্রতিভেন্ট ফান্ড কমি-শনার —িতিনি ডেকেছেন কিনা বলতে পারব না। তবে আপনি যদি আমাকে অনুমতি দেন তা হলে আমি ফাইলে যা পেরেছি তার একটা রিপোর্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার যা দিরেছেন, তাতে তিনি পরিক্রান্তাবে লিখে দিরেছেন।

Allegations were made against the Board of Trustees of Amrita Bazar Patrika by the Secretary. Indian Journalists' Association. But none of these allegations was found to be correct and the Secretary of the said Association was informed accordingly.

হী**লৈলেন অনিকারীঃ আফটার দি এনকোরারি ওয়ান্ত কনডাক্টেড। এর থেকে নেসে**স<sup>তি</sup>র ক*্*লেশন চলে আসে—আমি আগনাকে জিল্পাসা করছি যে, এই এনকোরারি-কোন্ তারিখে হয়েছিল ?

দি অনারেবল বিজয় সিং নাহারঃ কোন্ তারিখে এনকোশারি হয়েছে। জানি না-তারিখ জানতে চাইলে নোটিস দিন।

শ্রীকাশীকাল্ড মৈরঃ মন্তিমহালয় যে রিপোর্টটা পড়লেন সেটা রিপোর্ট, না, এমনি একটা Condensed or boiled version of some officer.

দি অনারেবল বিজয় সিং নহার: রিজিওন্যাল প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছ খেকে এই প্রশ্ন পাবার পর এই প্রশ্ন সম্বন্ধে যখন তাঁদের কাছে জানানো হয়েছিল তথম তিনি এই জিনিসটা তানানের কাছে দিয়েছিলেন।

শ্রীকাশীলাক নৈয়ঃ বিজিওনাল প্রভিডেন্ট ফাল্ড কমিশনারের কাছ থেকে এই যে উত্তরটা পেরেছেন তার বেশি আপ্রনারা মন্তি-লম্ভর থেকে বা লেবার আাডভাইসরি বোর্ড থেকে কোন তদত করে এটা সভাসভ্য নির্ণয় করার কোন চেন্টা করেন নি. এটা বললে কি ভুল ছবে?

### [12-40-12-50 p.m.]

### The Hon'ble Biloy Singh Nahar:

এই রকম করার কোন প্রথা নাই : তা করার প্রয়োজন আমি মনে করি না।

### Shri Jamini Bhusan Saha:

প্রতিডেন্ট ফান্ড ডিফল্টার হলে সেখানে মালিকের বিরুদ্ধে ব্যবস্থা আইনমত করা হবে এ কথা কি আপনি আনেন?

### The Hon'ble Biloy Singh Nahar:

আইনে া আছে—তা নিশ্চয জানি।

#### Shri Jamini Bhusan Saha:

এই অমৃত্বাজার পরিকার ডিরেকটার বাডের এই ডিফলটার সম্পর্কে কোন ব্যবস্থা **অবলম্বন** কণা **হবে কি**?

#### Mr. Speakers

এই কোয়েন্ডেন হয়ে গেছে

That question has been sufficiently answered.

#### Shri Kashi Kanta Maitra:

আপনাদের স্টেট লেবার শ্যাজভাশীর বোর্ড যেটা আছে, সেই বোর্ডের কাছে কোন ধ্রমিকের পক্ষ থেকে কোন ইন্ডাম্টিরাল এফটবেলিশমেন্ট কর্তৃপিক্ষের বির্দেধ কোন অভিযোগ করা হয়েছে কিনা? এবং যদি এই রকম কোন অভিযোগ পেশ করা হয় তা হলে এই স্টেট লেবার আডেভাইসরি বোর্ড সেটা পাওয়ার পরে তাঁরা কি করেন?

### The Hon'ble Bijoy Singh Nahar:

শ্রুট লেবার আডভাইসরি বোর্ড সরাসরি কোন অভিযোগ গ্রহণ করেন না, হয় সেটা দশ্তরে এসেছে, না হয় সেক্রেটারীর কাছে এসেছে অথবা সংশ্লিষ্ট ডিপার্টমেন্টাল হেডের কাছে এসেছে।

### Shri Kashi Kanta Maitra:

তা হলে এই স্টেট লেবার অন্নডভাইসরি বোর্ডের কোন কিছা করণীয় নাই কোন কর্ত্তান নাই? শুধা কি এটা একটা কাগজের প্রতিষ্ঠান ২ এটা জানতে চাচ্ছি।

(No Reply)

# Outbreak of small-pox at Panagarh Bazar

- \*204. (Short Notice) (Admitted question No. \*1302.) Shri Monoranjan Baksi: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
  - (a) if the Government is aware of the fact that small-pox has broken out in epidemic form in Panagerh Battar within Kanksa policestation in the district of Burdwan; and
  - (b) if so, what immediate step has been taken up by the Government in this matter?

Shri doyna, Abedin: (a) No.

(h) Does not arise.

Shri Bejcy Kumer Barrette: The abestion was sold if the thesemment is aware of the part that seed-now has broken and a readom from in Panagarh Bazar within handle parcessioned in the district of Burdwan, and the answer is No. Does the Hon'ble Minister want to say like that?

kir. Spoaker: Mr Banerice, the question has been answered.

Shri Bejoy Kumar Bandrjao: Have we got no other right?

Mr. Speaker: Mr. Comerce, you can give the datas, particularly the statistics to show that the answer given by the Houble Menster is wrong. But you cannot challenge is otherwise.

#### Dr. Kanai Lai Bhattacharva:

মাননীয় মন্ত্ৰিমহাশ্য বি ওপাৰেন্ত্ৰখনে কেন ইনসিডেন্স এক সমল-পক্ষ হয়েছে কিনা?

### Shri Joynal Abedin:

পানাগড়ে বাজারে বা কংসা থানার অন্য কোন গ্রামে ইনসিডেন্স আদ সমল-প্রকাস নাই। **প্রেই** তো স্পোসিফকর্মাল কোণ বলেছি।

#### Dr. Kanai Lai Bhattacharva:

কোন কোন প্রামে হয়েছে ৩ব<sup>°</sup> হয়ে থাকলে কত সংখ্যার **হয়েছে <sup>°</sup> এবং সেই গ্রামের** জনসংখ্যা কত ?

#### The Hon'ble Prafulla Chandra Sens

সেটা নোটিস দিলে বলা যাবে।

If the Government is aware of the fact that small-pox has broken out in endocute form in Panagarh Bazar, within Kanksa, police-sation in the district of Burdwaa. He has specifically stated 'No'

Mr. Speaker: Hon'ble Chief Min'ster, while answering the question has said that with regard to the two villages or thanas—because of those two areas his answer is specially "No". Then that question does not ar se.

Shri Abedin, which are the areas you say?

### Shri Joynal Abedin:

Kanksa thana in Panagarh Bazar. Cases of small-pox.

কংসা থানায় এপিডেমিক ফর্ম-এ হয় নি।

### Dr. Kanai Lai Bhattacharya:

মাননীয় মদিরমহাশয় কি জানাবেন, ঐ যে দুটো ভিলেজের কথা বললেন, যেখানে সমল-পক্স ইনসিডেন্সএর ধবর পাওয়া গিয়েছে, সেখানে কত জনের হয়েছে :

### Shri Joynal Abedin:

🕹 ৭.টো গ্রামে পাঁচ জনের হয়েছে।

### Dr. Kanai Laj Bhattacharya:

ামঃ স্পীকার, স্যার, আমি আগে যখন প্রশ্নটা করেছিলাম তখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশঙ্গ ভড়াক করে দাঁডিয়ে উঠে বললেন নোটিস চাই, অথচ দেখা যাচ্ছে সব খবরই তাঁর কাছে আছে।

Mr. Speaker: You should not have said it, I have given you the protection.

### Logic Paper of Higher Secondary Examination, 1963

- \*205. (SHORT NOTICE) (Admitted question No. \*1304.) Shri Ananda Gopal Mukhopadhyay: (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the attention of the Government has been drawn to a question, viz., "Every Chinese desires happiness. Peace is happiness, hence every Chinese desires peace" in this year's Higher Secondary Examination in humanities group in Logis paper?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
  - (i) the name of the paper-setter of the said logic paper;
  - (ii) whether Government considers the desirability of giving any direction to the Board of Secondary Education against the recurrence of this type of questions in examination papers in future particularly during the period of emergency; and
  - (iii) what steps, if any, Government proposes to take against those who are responsible for the same?

### The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: (a) Yes.

- (b)(i) The name of the paper-setter being confidential cannot be stated.
- (b)(ii) The Board has been requested to see that no question is set in future which may apparently be interpreted as in favour of China in such a period of emergency.
- (b) (iii) The question set in Logic is a fallacy and hence may be deemed innocuous from academic point of view. The Board will be advised to request the paper-setters not to set any question which may be misinterpreted.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state as to who appoint these paper-setters?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The Board appoints.

Shri Abani Kumar Basu: Has the Government any hand in the matter of appointment of paper-setters?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Not at all.

#### Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কিছুদিন ধরে চাইনীজ এনাগ্রেশন হবার সপ্তে সন্ত্রে আমরা দেখতে পাছিছ যে বিভিন্ন স্কুলে পরীক্ষার যে প্রশ্নপত হচ্ছে তার মধ্যে এমন স্কুলরভাবে প্রো-চাইনীজ একটা টেনশন তৈরী করবার জন্য স্কুলের মধ্যে বাবস্থা হচ্ছে? এবং যার জন্য বহু জায়গার বহু প্রশনপত আমরা শিক্ষা দুস্তরে পেশিছে দিয়েছি, এটা তিনি জানেন কি?

### The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার তা জানা নেই।

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister kindly state as to whether he is aware of any other instance of papers having been set like this?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The only other instance which I am aware of was the question that was set in the Howrah Zilla School, and proper steps have been taken in that connection.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state as to what steps have been taken?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The teacher who set that question was discharged.

Shri Nepal Chandra Roy: Every Chinese desires happiness. Peace is happiness.

এই দুটো কথা নিশ্চরই চীনা প্রীতি এ দেশে দেখাবার জন্য এটা করা হর্মেছিল, এবং এই চীনা প্রীতি দেখাবার জন্য যারা দায়ী, তাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা নিয়েছেন, এবং তাদের বিরুদ্ধে কেন ডি আই রুলস এগুলাই করা হবে না, মাননীয় মন্ত্রিমহাশ্য বলবেন কি?

#### The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

নিশ্চর এই সিম্পান্ত গ্রহণ করা যেতে পারে না ফালাসি ইন লচ্চিক-আর্পান পচে দেখবেন।

[12450—1 p.m.]

#### Shrimati Santi Das:

আমাদের এখানেতে শিক্ষামন্ত্রী বললেন যে স্টেপস হ্যাভ অলরেডি বিন টেকন, অর্থাৎ সেই চিচারকে ডিসচার্জ করা হয়েছে। এটা কি গভর্নমেন্ট করেছেন না গভর্নমেন্ট রিকোয়েন্ট করেছেন স্কল ম্যানেজিং কমিটিকে।

### The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

राउड़ा रक्ता म्कून गर्जन राज्ये म्कून, लारे गर्जन समये स्मेल निरत्राहन वा निराल रमरतरहन।

#### Shri Nepal Chandra Roy:

আর্পান বলছেন এটা ফালোসি, ঠাটা করে বা ভামাসা করেও যদি আমরা শহরে প্রশংসা করি....

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That question does not arise.

#### Shri Somnath Lahiri:

▲ শিক্ষামন্ত্রী কি জানাবেন যে লজিকে এরকম প্রশন যদি আসে every Indian eats, every dog eats, therefore every Indian is a dog সোটা ফালোসি ছাডা আর কিছু নয়।

(No Reply)

#### Shri Somnath Lahiri:

যদি এই ধরনের ফ্যালাসি আসে, যদি কেউ কোন্ডেন করেন.....

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is a hypothetical question, I may not answer it.

Shri Narendra Nath Sen: If there is the practice of moderators samining and checking question papers?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes, there is such a practice.

E-42

Shri Narendra Nath Sen: Will the Hon'ble Minister kindly inform if the moderators in logic paper examined the question paper and took any steps in the matter?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I cannot answer that question off-hand. I can answer it only after proper notice.

**3hri Abani Kumar Basu:** The Hon'ble Minister has just now stated in his reply that the name of the paper setter cannot be disclosed. Will the Hon'ble Minister please state why this secrecy is being maintained?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is for the Board to say that. It is the Board's decision and the Board is a statutory body.

Shri Abani Kumar Basu: Will the Government consider the advisability of setting up an arrangement either at the Directorate or at the Board level to scrutinise the question papers before they are actually circulated to the students?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have answered that question.

Shri Narendra Nath Sen: Will the Hon'ble Minister issue instruction to the Board and other authorities to see that such anti-Indian questions are not allowed to be set in future?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have atready answered that. Look to reply (ii): The Board has been requested to see that an question is set in future, etc.

#### Shri Nepal Chandra Rov:

মাননীয় সদস্য একটা আগে যে রকম ফালোসিত কথা বললেন-

Every Indian is a dog, etc.

মাননীয় মন্ত্রিমহোদয় যেন দেখেন এরকম কোশ্চেন কে'নদিন যেন কোশ্চেন পেপার না দেওর। হয়।

(No Reply)

### Shri Abani Kumar Basu:

এরকম আপত্তিকর কোশ্চেন আর কোন ভারগায় সেট করা হয়েছিল কি

#### The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমি আগেই বলেছি হাওড়া জেলা স্কুল ছ'ড়া বেলগাঁও দেশপ্রিয় শিক্ষানিকেতনে অন্ত্র্প-<sup>ছ</sup> ভাবে প্রশন করা হয়েছিল এবং সে সম্বন্ধে আমি প্রেই উত্তর দির্মেছি তার প্নরাবৃত্তি করার প্রয়োজন দেখি না।

#### Further supplementaries to Starred Question No. 193.

Mr. Speaker: The Hon'ble Finance Minister promised to reply to further supplementary questions on the answer to the question of Shri Kashi Kanta Maitra originally fixed on the 3rd April, 1963.

The Hon'ble Sankardas Banerji: (a) A statement is laid on the table.

(b) Each Minister can appoint one or more Confidential Assistants in his discretion for rendering him assistance in the discharge of his official work. Each Minister will fix the salary of the person or persons appointed by him, but the total expenditure on account of emoluments for the person to be appointed by each Minister shall not exceed Rs. 300 per month. Each person so appointed should, for the purpose of drawing pay, be regarded

as part of the temporary establishment of the department of which the Minister is in charge. The appointment of each such person shall terminate with the office of the Minister who appoints him. It will be in order to appoint persons on a part-time basis in the discretion of the appointing Minister.

- (c) Yes, on a part-time basis in the discretion of the Minister.
- (d) Yes.

Statement referred to in reply to clause (a) of starred question No. 193.

	Name of Ministers	No. of confidential assistants attached.
1.	Shri P. C. Sen	1
2.	Shri S. Banerjee	1
3.	Shri K. N. Das Gupta	1
4	Shri A. K. Mukherjee	1
.ī.	Shri I. D. Jalan	1
ti.	Shri Rai H. N. Chaudhuri	Nil
7.	Shri T. K. Ghosh	2
8.	Sm. P. Mukherjee	1
9.	Shri S. Bhattacharyya	1
10.	Shri J. Kolay	1
11.	Shri S. K. Mukherjee	•
12.	Sm. A. Maiti	ī
13.	Shri S. M. F. Rahman	1
14.	Shri B. S. Nahar	2

#### Shri Kashi Kanta Maitra:

মাননীয় অর্থামন্দ্রী দয়া করে বলবেন কি. এই সমস্ত কনফিডেনসিরাল অ্যাসিস্ট্যান্টস যাঁরা মাপ্রেন্টেড হয়েছেন তাঁরা গভন্মেন্ট সারভেন্টস কি না?

#### The Hon'ble Sankardas Banerjee:

ना ।

#### Shri Kashi Kanta Maitra:

মাননীয় অথ'মন্তী কি বল্বেন এই যে ক্নিফ্ডেন্সিয়াল আসিস্টাণ্টস যার৷ আপ্রেন্টেড হয়েছেন এর মধ্যে এখন কন্জিডেন্সিয়াল আসিস্টাণ্টস আছেন যাদের মাইনে মাসে ছ'শ' টাকা ?

The Hon'ble Sankardas Banerji: The number of confidential assistants to be appointed is unlimited. The Minister can appoint one or more at his discretion. The total amount that is allowed by the Government for appointment of the confidential assistants cannot exceed Rs. 300 in all. So if as a Minister I like to keep six confidential assistants I can do it provided I do not charge to Government more than Rs. 300. They are not Government servants. They are not bound by the Government Servants Conduct Rules, and if I retire today the confidential assistant goes with me. He is not bound by the Government Servants Conduct Rules. He is not entitled to Dearness Allowance. He is not considered to be a Government servant at all,

### Shri Kashi Kanta Maitra:

অর্থমন্দ্রীকে আমি জিল্পাসা করছি এই কর্নাফডেনসিয়াল অ্যাসিস্ট্যান্টস ধারা তারা রাইটার্সা বিলিডংসএ প্রোটেকটেড এরিয়াতে মিনিস্টারএর সংলগন ঘরে বসে থাকেন কি না এবং মিনিস্টারএর ফেনে ইউস অ্যান্ড প্রোটেকটেড এরিয়া ইউস করার মধ্য দিয়ে মিনিস্টারএর ইনফ্রুয়েস্স একস্থান্টে করেন কি না ব

### The Hon'ble Sankardas Banerice:

আমি পরিকার ব্রুতে পারলাম না।

